# বাড়ী বা বাসা বদল করা

## Moving on up




আপনার নিজের বাড়ীতে
থাকার বিষয়ে একটি নির্দেশিকা

# বাড়ী বা বাসা বদল করা

## আপনার নিজের বাড়ীতে থাকার বিষয়ে একটি নির্দেশিকা

*Moving on up*

LONDON COUNCILS

eaves
putting women first

# সূচিপত্র


ইভ্‌স-এর প্রধান নির্বাহীর বার্তা 5

1. বিন্দুচিতি লাইনে স্বাক্ষর করা 6
2. শুরু থেকে এটিকে সঠিকভাবে করা......ভাড়া ও বিলগুলি 18
3. সুরক্ষা ও নিরাপত্তা 36
4. পুনর্ব্যবহারোপযোগী করা(রি-সাইক্লিং) ও জ্বালানী সংরক্ষণ করা 42
5. সাধারণ DIY বা নিজে করার বিষয় 46
6. ডযধঃ হবীঃ ? 72


পরিশিষ্ট A: নতুন বাড়ীতে আমার যাচাইতালিকা (চেকলিষ্ট) 78
পরিশিষ্ট B: বাজেট স্থির করা 80
পরিশিষ্ট C: প্রয়োজনীয় যোগাযোগের তথ্য 82
পরিশিষ্ট D: ইভ্‌স সম্পর্কে 89

# একটি নতুন বাড়ী বা বাসা!

বাড়ী বদল করা একটি আনন্দদায়ক সময়। নতুন ঘরে স্বাধীনভাবে বাস করে আবার শুরু করার এটি একটি সুযোগ, আপনার রুচি অনুযায়ী পরিবেশ তৈরী করার সুযোগ এবং যেখানে আপনি দরজা বন্ধ করে দুনিয়ার চাহিদা ভুলে থাকতে পারবেন।

যাইহোক, নতুন বাড়ীতে বা বাসায় বদল হওয়া যেমন ভালো তেমনি এটি অনেক কষ্টের ও হতাশারও হতে পারে। সবকিছু সঠিকভাবে করার চেষ্টা করা, নিশ্চিত করা যে আপনি সকল ঝামেলাপূর্ণ কাগজপত্র ঠিক-ঠাক করেছেন এবং নিজে নিজে করার সকল কাজকর্ম সম্পন্ন করেছেন, যা করতে হাঁপিয়ে উঠতে পারেন এবং আপনার মাথা ব্যথা শুরু হতে পারে।

'মুভিং অন-আপ' আপনাকে লিখেছে এইজন্য যে যাতে করে তারা আপনাকে নতুন ঘরে বা বাড়ীতে থাকার প্রথম অবস্থায় সহায়তা করতে পারে। ইহার লক্ষ্য হলো আপনাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করে জীবনকে সামান্য সহজ করা। যাইহোক, আপনার হয়ত এমন সমস্যাও থাকতে পারে যা হয়ত আমরা উলেখ করি নাই। এক্ষেত্রে আমরা আপনাকে অনুরোধ করি এজেন্সীগুলির সাথে যোগাযোগ করার জন্য যারা হয়ত আপনাকে সাহায্য করতে পারবেন। যেমন, অধিকাংশ লন্ডনের বরোগুলিতে একটি সিটিজেন অ্যাড্ভাইস ব্যুরো আছে, বা কোন এজেন্সী আছে যারা বাজেট ব্যবস্থাপনায় পরামর্শ দেয় বা ঋণ সংক্রান্ত উপদেশ দেয়। আপনার উচিত তাদের সাথে বিনা দ্বিধায় যোগাযোগ করা, যারা জনগণকে কষ্টকর পরিস্থিতিতেও সু-পরামর্শ ও পেশাগত উপদেশ দেন, যার জন্য তারা সেখানে আছেন। 'ইভ্স' আরও অনেকগুলি প্রজেক্ট ও ওয়ার্কশপ পরিচালনা করে যা হয়ত আপনার জন্য উপযোগী হতে পারে এবং সেগুলি এই নির্দেশিকার পেছনে পরিশিষ্ট উ তে বর্ণিত আছে। আপনার নতুন ঘরে যাওয়া শুভ হোক ! নির্দেশিকায় দেওয়া তথ্যে যদি আমরা কোন কিছু বাদ দিয়ে থাকি, তাহলে দয়া করে আমাদের জানাবেন, যাতে আমরা পরবর্তী সংস্করণে তা দিতে পারি।



ডেনিস মার্শাল
'ইভ্স' প্রধান নির্বাহী


30. Governing Law.
This Agreement shall be governed, construed a
IN WITNESS WHEREOF, the parties have executed this Lease as o
[Landlord] Signature Block
[Tenant] Signature Block

# 1. বিন্দুচিহ্নিত লাইনে স্বাক্ষর করা

দীর্ঘ সময় অপেক্ষা করার পর, সবশেষে আপনার একটি নতুন বাসা হলো। এটি হয়ত আপনার স্বপ্নের বাসা নাও হতে পারে, তবে এটি আপনার এবং যদি আপনি আমাদের বাকী সবকিছু পছন্দ করেন তাহলে তা আপনার জন্য স্বস্তিদায়ক হবে। যাইহোক, একটি ছোট সুখকর নৃত্য করে এবং আপনার বন্ধু-বান্ধব/পরিবার/কাজের স্থানে ফোন করে খবরটি জানানোর পূর্বে, দয়া করে নিশ্চিত হবেন যে আপনি কিছু জটিল বিষয় সময় নিয়ে পরীক্ষা করেছেন এবং কিছু বিরক্তিকর জিনিসপত্র সম্পন্ন করেছেন.

# যে বিষয় নিয়ে চিন্তা ভাবনা করবেন

* ভাড়াটিয়া বা টেনান্সী শুরুর তারিখ। আপনি যখন বাসা বা ঘরটি দেখবেন তার উপর নির্ভর করে , আপনার উচিত চেষ্টা করা ও আলোচনা করা যাতে আপনি অন্ততপক্ষে এক সপ্তাহ পরে বাসায় বদল হন। আপনি তখনও চাবি পেতে পারেন এবং যখন ইচ্ছা তখন বাসা দেখার জন্য আসতে পারেন, তবে সময় নেয়ায় আপনি নিশ্চিত হতে পারবেন যাতে করে আপনার পূর্বতন টেনান্সী বা ভাড়ার লাইসেন্স সমাপ্ত করা যায়, গ্যাস/বিদ্যুত সরবরাহকারীদেরকে জানানো যায়, আপনার চিঠিপত্র রি-ডাইরেক্ট করার ব্যবস্থা করতে পারেন এবং আরও অনেক কিছু।
* খুঁজে দেখুন প্রতি সপ্তাহে ভাড়া কত
* যদি আপনি কোন একটি ফ্ল্যাটের জন্য টেনান্সী নেন, তাহলে আপনাকে হয়ত ভবনের সকলের ব্যবহার্য স্থানের জন্য একটি পরিষেবা মূল্যও দিতে হবে।
* খুঁজে দেখুন এটি ভাড়ার সাথে যুক্ত কিনা, বা আলাদা ভাবে দিতে হয় কিনা এবং সে অনুযায়ী বাজেট তৈরী করুন। যদি আপনি কাজ না করেন বা অল্প বেতন পান (আরও তথ্যের জন্য www.direct.gov.uk পরিদর্শন করুন) তাহলে হাউজিং বেনিফিটের বা অন্যান্য আর্থিক সহায়তার জন্য আবেদন করুন।
* নিশ্চিত হবেন যে আপনি টেনান্সির শর্তাবলী এবং আপনার অধিকার ও দায়িত্ব বুঝতে পেরেছেন। এটি হয়ত বিরক্তিকর শোনায় - সাধারণতঃএই ধরনের ডকুমেন্ট পড়া গুরুত্বপূর্ণ যে আপনি জানেন কি আশা করবেন এবং আপনার নিকট থেকে কি আশা করা হয়।
* আপনার হাউজিং অফিসারের সাথে যোগাযোগের বিস্তারিত লিখে রাখুন, ফলে আপনার কোন কিছু জানার থাকলে আপনি সরাসরি তাকে ফোন করতে পারবেন।
* যদি আপনি বেনিফিটে বা নিম্ন আয়ের হয়ে থাকেন, তাহলে আপনি হয়ত ডুয়াল বা দ্বৈত হাউজিং বেনিফিটের জন্য যোগ্য হতে পারেন, যদি আপনি যে টেনান্সিতে আসছেন তা যে টেনান্সি থেকে ছেড়ে আসছেন তা যুগপত্ ঘটে থাকে, তাহলে এর ফলে আপনি একই সাথে দুই স্থানের ভাড়া দেওয়া থেকে অব্যাহতি পেতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য আপনার হাউজিং অফিসারকে জিজ্ঞাসা করুন।

# প্রথম কাজ প্রথমে

ঠিক আছে, আপনি বাসাটি গ্রহন করেছেন এবং আশা করছেন কয়েক দিনের মধ্যে সেখানে স্থানান্তর হবেন। এখন হয়ত সম্ভবতঃ গভীরভাবে দম নিয়ে আপনার নতুন বাসাটি দেখতে যাওয়ার সময়, তাহলে আপনি নিজেকে প্রস্তুত করতে পারবেন কিছু কিছু জিনিস করার জন্য যাতে স্থানান্তরের দিন সুবিধা হয়।

* একটি নোট প্যাড এবং কলম নিয়ে বসুন তাহলে আপনি যে কোন রকমের মেরামতের, সাজসজ্জার বা অন্যান্য কিছু যা সঠিক করা দরকার সে বিষয়ে লিখতে পারবেন।
* একটি মাপার ফিতে নিন এবং পর্দার জন্য জানালার মাপ নিন, আসবাব পত্রের জন্য ও মেঝে ঢাকার জন্য মেঝের মাপ নিন এবং প্রবেশ পথের মাপ নিন - যদি না আপনি একজন প্রশিক্ষিত জাদুকর হন, তাহলে একটি ছয় ফুট প্রশস্ত সোফা চার ফুট দরজার ফ্রেম দিয়ে ঢোকাতে পারবেন না।
* স্থানান্তরের দিনের জন্য বাক্স সংগ্রহ করা শুরু করুন, যেখানে প্রয়োজনীয় সামগ্রী রাখবেন যা ছাড়া আপনি চলতে পারবেন না। এর মধ্যে হয়ত থাকতে পারে কেটলি ও কাপ, এক বয়াম কফি, বাথরুমের জন্য টয়লেট রোল এবং সাবান, আপনার মোবাইল ফোন, প্লাষ্টিক সাংসারিক দস্তানা এবং...... তালিকার শেষ নাই। শুধুমাত্র আপনারই ধারণা হতে পারে কোন কোন জিনিস ছাড়া আপনি চলতে পারবেন না এবং স্মরণে রাখার গুরুত্বপূর্ণ বিষয় হলো আপনার বাক্সগুলো একত্রিত করে রাখুন যা ঐ দিন আপনার সাথে নেবেন।
* চাবি - আপনার কি যথেষ্ট আছে? একটি অতিরিক্ত সেট জরুরী প্রয়োজনে সব সময় থাকা ভালো।
* ট্যাপ ও সিংকগুলি- আপনার কি গরম পানি আছে ? প্রকৃত পক্ষে আপনার কি পানি আছে ? যদি না থাকে তাহলে আপনার হাউজিং অফিসারের সাথে কথা বলুন।
* লাইট ফিটিংস ও সকেটগুলি - পূর্বতন বাসিন্দা কি যাবার সময় সকল লাইট বাল্ব তাদের সাথে করে নিয়ে গেছেন ? যদি তারা তা নিয়ে থাকেন তাহলে আপনি আপনার বাক্সে দুই-তিনটি বাল্ব রাখুন।
* সাধারণ পরিচ্ছন্নতা-দুঃখজনকভাবে, কিছু লোক ঘর-বাড়ি পরিচ্ছন্ন অবস্থায় রাখেন না। আপনি হয়ত একটি দ্রুত হাইজিন পরীক্ষা করতে পারেন এবং যদি প্রয়োজন হয়, তাহলে পরিচ্ছন্ন করার যন্ত্রপাতি প্রস্তুত রাখুন।
* হিটিং - পরীক্ষা করুন এটি কি রকমের, কিভাবে এটি কাজ করে, কোথায় এটি নিয়ন্ত্রণের চাবি এবং এটি কাজ করছে কিনা। যদি এটি সঠিকভাবে কাজ না করে

তাহলে ল্যান্ডলর্ডের সাথে ও ইউটিলিটি বা সার্ভিস প্রদানকারীর সাথে কথা বলুন এবং তারা যাতে মেরামত করেন সে ব্যবস্থা করুন।

* রান্নার স্থানস্থান- পরীক্ষা করুন কানেকশনটি গ্যাস বা ইলেকট্রিক কুকারের কিনা, তাহলে আপনি জানবেন কি কিনবেন। আইনতঃ আপনার ল্যান্ডলর্ডের কর্তব্য হলো প্রতি বছর একটি গ্যাস সেফ্‌টি পরীক্ষা করা, তাহলে আপনি নিরাপদ থাকতে পারবেন। পরীক্ষা করুন এটি করা হয়েছে কিনা, তারপর আপনার ডায়রীতে একটি নোট রাখুন পরবর্তীটি কখন করতে হবে, ফলে আপনি প্রয়োজনে এর জন্য বলতে পারবেন।
* টিভি/ফোন - পরীক্ষা করুন একটি ফোন ও টিভি এরিয়াল পয়েন্ট আছে কিনা।
* সাজসজ্জা - প্রতিটি রুমের ও হলওয়ের সাজসজ্জার সাধারণ অবস্থা পরীক্ষা করুন। এটি হয়ত আপনার রুচি অনুযায়ী সজ্জিত নয় তবে কল্পনা করার চেষ্টা করুন আপনার স্টাইল অনুযায়ী রং করলে তা কেমন দেখাতো (যে কোন কাজ করার পূর্বে আপনার ল্যান্ডলর্ডের অনুমতির জন্য জিজ্ঞাসা করুন)। কোথায় আপনি স্থানান্তর হচ্ছেন এর উপর নির্ভর করে আপনি হয়ত ডেকোরেটিং বা সাজসজ্জার জন্য অ্যালাউন্স পেতে পারেন, তাই এটি পরীক্ষা করে দেখা উচিত - আপনার হাউজিং অফিসারকে জিজ্ঞাসা করুন।
* পানি - পানির মেইন সুইচ ও পানির মিটার কোথায় তা জেনে রাখুন ও নিশ্চিত করুন।
* বিদ্যুত ও গ্যাস মিটার -পরীক্ষা করুন কিভাবে সরবরাহ চালু ও বন্ধ করবেন, খুঁজে দেখুন তা বর্তমানে চালু আছে কিনা এবং কখন সর্বশেষ মিটার রিডিং নেয়া হয়েছিল। নিশ্চিত করুন ফিউজ বক্স কোথায় তা যাতে আপনি জানেন।
* বাসাবদল/পরিবহন খরচ - যদি আপনার অনেকগুলো দ্রব্য থাকে যা পরিবহনের মাধ্যমে নিয়ে যেতে হবে তাহলে আপনার এলাকায় রিম্যুভাল সার্ভিসের কোম্পানী সম্পর্কে খোঁজ খবর করার জন্য এটি সঠিক সময় হবে। যদি আপনার তেমন বেশী মালপত্র না থাকে তাহলে আপনি হয়ত একটি ছোট ভ্যানও ভাড়া করতে পারেন বা এমনকি বন্ধু-বান্ধবদেরকে অনুরোধ করতে পারেন আপনাকে সাহায্য করার জন্য। কিছু কিছু এলাকায় কমিউনিটি ট্রান্সপোর্ট স্কিম আছে যা হয়ত আপনাকে পর্যাপ্ত হ্রাসকৃত মূল্যে সাহায্য করতে পারে;
আপনার স্থানীয় লাইব্রেরী বা ইন্টারনেটে পরীক্ষা করুন এই ধরনের স্কিম আপনার কাছাকাছি আছে কিনা।



# ফিক্সার, ফিটিংস এবং ফাইন্যান্স

যদি আপনি একজন সৌভাগ্যবান ব্যাক্তি হন যার জন্য গুদামঘর ভর্তি মালপত্র অপেক্ষা করছে নতুন ঘরে পাঠাবার জন্য, তাহলে আপনি হয়ত চাইবেন সরাসরি নির্দেশিকার পরবর্তী অংশে চলে যেতে। যাইহোক, যদি আপনার সাথে তেমন বিশেষ কিছু নেবার না থাকে বা এমনকি কিছুই না থাকে, তাহলে নিম্নলিখিত তথ্য হয়ত সাহায্যকারী হবে।

আপনার ঘর পুরোপুরি আসবাবপত্র দ্বারা সজ্জিত না হলে, আপনার দরকার হবে আসবাবপত্রের পেছনে এবং সাদা দ্রব্যাদির পেছনে অর্থ খরচ করার। এইগুলি দামী হতে পারে, তবে আপনি হয়ত কিছু সাহায্য পেতে পারেন যদি আপনি বেনিফিটে থাকেন।

## কমিউনিটি কেয়ার গ্রান্ট

যদি আপনি ইনকাম সাপোর্ট, ইনকাম রিলেটেড এমপয়মেন্ট ও সাপোর্ট অ্যালাউন্স, ইনকাম বেস্‌ড জব সিকার্স অ্যালাউন্স বা পেনশন ক্রেডিট পান তাহলে আপনি কমিউনিটি কেয়ার গ্রান্টের জন্য আবেদন করতে পারেন। আপনি হয়ত গ্রান্টের জন্য যোগ্যও হতে পারেন যদি আপনি নিম্নলিখিত হন:

* আপনি আবাসিক বা প্রাতিষ্ঠানিক সেবা থেকে গিয়ে স্বাধীনভাবে বসবাস করতে চান;
* আপনি একটি নতুন ঘরে যাচ্ছেন যা আপনার অনিশ্চয়তায় থাকার জীবন থেকে উত্তরনের জন্য উপযোগী হবে, এবং স্থানীয় কাউন্সিল বা একটি ভলান্টারী সংগঠন কর্তৃক পুনরায় সেটেল হতে যাচ্ছেন।
* আপনার ঘরে থাকার জন্য আপনার সাহায্যের দরকার হয়, যদি বিকল্প ব্যবস্থা থাকে আবাসিক সেবায় যাওয়া বা হাসপাতালে যাওয়া।
* আপনার সাহায্যের দরকার, কারণ আপনি বা আপনার পরিবার অতিরিক্ত চাপের সম্মুখীন, যেমন একটি পরিবার ভেঙ্গে যাওয়া বা আপনাদের একজনের দীর্ঘমেয়াদী অসুস্থতা আছে; বা
* আপনি এমন কাউকে দেখাশুনা করেন যিনি অসুস্থ বা অক্ষম, বা অস্থায়ী লাইসেন্সের অধীনে থেকে মুক্ত হয়েছেন।

কত পরিমাণ অর্থ পাবেন তা নির্ভর করে আপনি কতভালোভাবে যোগ্য হবেন এবং ঐ সময় কমিউনিটি কেয়ার গ্রান্ট বাজেটে কত অর্থ আছে তার উপর। যখন ফর্ম পূরণ করবেন তখন নতুন আসবাবপত্র ও এর পেছনে লুকায়িত খরচ যেমন স্থাপন করা ও ডেলিভারী চার্জও যোগ করে লিখবেন। যদিও কমিউনিটি কেয়ার গ্রান্ট সাহায্যকারী তথাপি আপনার মনে রাখা দরকার যে প্রয়োজনীয় পুরো অর্থ পাওয়া সাধারণতঃ যায় না এবং মাঝে মাঝে লোকজন খুব কম অর্থ পান।

যদি আপনি এই গ্রান্টের জন্য আবেদন করার সিদ্ধান্ত নিয়ে থাকেন তাহলে ফর্মটি অবশ্যই পূরণ করে নতুন ট্যানেন্সী দস্তখত করার পাঁচদিনের মধ্যে জমা দেবেন। ডাইরেক্ট গভঃ ওয়েব সাইট (www.direct.gov.uk) থেকে একটি ফর্ম ডাউনলোড করুন ও বিস্তারিত তথ্য জানুন।

### একটি সাবধানবাণী...

যদি আপনি কমিউনিটি কেয়ার গ্রান্ট ফর্ম পূরণে অভিজ্ঞ না হন, তাহলে আপনি হয়ত এটিকে সামান্য ভীতিজনক মনে করতে পারেন। যদি আপনি কোন হোস্টেলে বা আশ্রয় কেন্দ্রে বাস করেন তাহলে আপনি হয়ত একজন সাপোর্ট ওয়ার্কারকে অনুরোধ করতে পারেন আপনাকে সাহায্য করার জন্য।

## সোশ্যাল ফান্ড বাজেটিং লোন

যদি আপনি অল্প আয় করে থাকেন এবং কিছু গুরুত্বপূর্ণ খরচের জন্য সাহায্যের দরকার হয়, তাহলে আপনি হয়ত সোশ্যাল ফান্ড থেকে একটি ইন্টারেষ্ট ফ্রি বাজেটিং লোন পেতে পারেন, যা আপনাকে ফেরত দিতে হবে। আপনি হয়ত একটি বাজেটিং লোন পেতে পারেন যদি আপনি বা আপনার সঙ্গী নিম্নলিখিত কোন একটি বেনিফিট অন্ততঃ ২৬ সপ্তাহ যাবত দাবী করে থাকেন বা পেয়ে থাকেন :

* ওহ্পড়সব ঝঁঢ়ঢ়ড়ৎঃ;
* ওহ্পড়সব-ৎবষধঃবফ ঊসঢ়ষড়ুসবহঃ ধহফ ঝঁঢ়ঢ়ড়ৎঃ অষষড়ধিহপব;
* ইনকাম বেস্ড জব সিকার্স অ্যালাউন্স বা
* পেনশন ক্রেডিট

সোশ্যাল ফান্ডের লোন সম্পর্কে আরও তথ্য পেতে হলে ডাইরেক্ট গভঃ ওয়েব সাইট www.direct.gov.uk **পরিদর্শন করুন।**

## অন্যান্য আর্থিক সহযোগীতা

**আপনার ঘরে আসবাবপত্র প্রদানের জন্য হয়ত অন্যান্য বেনিফিট্সও আছে। এ সম্পর্কে আরও জানতে হলে জব সেন্টার পাসের নিকট** 0800 055 6688 **নম্বরে ফোন করুন।**

আপনি একজন অপারেটরের সাথে কথা বলবেন যিনি একটি নতুন ক্লেইম করার জন্য আপনাকে নির্দেশনা দিতে পারবেন বা কোন একটি ক্লেইমের বিস্তারিত রিনিউ করতে পারবেন যা সম্প্রতি বন্ধ হয়েছে। ফোন করার সময় আপনাকে জিজ্ঞাসা করা হবে নিম্নলিখিত তথ্য প্রদান করার জন্য, তাই এটি হাতের কাছে রাখুন :

- আপনার ন্যাশনাল ইন্স্যুরেন্স নম্বর;
- আপনার ভাড়া বা মর্টগেজের বিস্তারিত তথ্য ;
- আপনার অতীত ও বর্তমান চাকুরির বিস্তারিত তথ্য ; এবং
- অন্যান্য আয় ও সেভিংস এর বিস্তারিত তথ্য।

# আসবাবপত্র

যখন আসবাবপত্র কিনবেন তখন অনেক গুলো বিষয় আপনাকে বিবেচনায় রাখতে হবে। আপনাকে ভাবতে হবে তাৎক্ষনিকভাবে আপনার কোন দ্রব্য দরকার, এবং কোন কোন দ্রব্যের জন্য আপনি কিছুদিন অপেক্ষা করতে পারবেন। উদাহ্‌রন স্বরুপ অধিকাংশ লোকজনই কুকারকে বা চুলাকে প্রাধান্য দেন, কারণ বাহিরে খাওয়া ব্যায়বহুল এবং 'টেইক এওয়েজ' খাদ্য মানের দিক দিয়ে তেমন ভালোমানের কিছু নয়। অগ্রাধিকার দেওয়া একটি ব্যাক্তিগত সিদ্ধান্ত, তবে ভাবতে চেষ্টা করুন কোন দ্রব্য আপনাকে সবচেয়ে বেশী আরামদায়ক রাখবে এবং দৈনন্দিন কাজকর্মে সুবিধা হবে।

## পট্‌স, প্যান্‌স এবং রান্নাঘরের দ্রব্যাদি

বর্তমানে বড়-বড় স্টোরে এবং এমনকি সুপার মার্কেটে অনেক কম মূল্যে এই রকম বিভিন্ন জিনিস কিনতে পারবেন। যেমন IKEA, সেইন্সবারীস এবং আসডা, এইগুলি সকলে ক্রোকারী, পট্‌স এবং প্যানের 'স্টার্টার প্যাক' বিক্রি করে, যা £10 থেকে শুরু।

## সেকেন্ড হ্যান্ড বা পুরাতন জিনিসের দোকান

আপনি হয়ত সিদ্ধান্ত নিতে পারেন আপনার অর্থ দিয়ে যাতে আরও কিছু কিনতে পারেন এবং আপনি কিছু জিনিস পুরাতনও কিনতে পারেন, তাই আপনার এলাকায় দোকান খুঁজুন। যা আপনি চান তা যদি খুঁজে পান তাহলে দরদাম করতে ভীত হবেন না। অধিকাংশ পুরাতন জিনিসের দোকান জিনিসপত্রের দামে অতিরিক্ত লাভ করে, তবে তারা দ্রুত স্টক পূরণ করতে চায়, তাই হয়ত আপনাকে একটি হ্রাসকৃত মূল্যে জিনিসপত্র দিতে পারে। ভূলে যাবেন না যদি আপনি জিজ্ঞাসা না করেন- তাহলে পাবেন না!

যদি আপনি পুরাতন ইলেকট্রিক্যাল জিনিসপত্র কেনার কথা ভেবে থাকেন, তাহ্‌লে আমরা আপনাকে জোরালোভাবে পরামর্শ দেবো যে যাতে আপনি একটি পোর্টেবল অ্যাপাইয়েন্স টেষ্ট (PAT) করার মাধ্যমে পুরোপুরি নিশ্চিত হন, যা করা হয় নিশ্চিত করার জন্য যে ব্যবহৃত দ্রব্যগুলি গ্রাহকের ব্যবহার করার জন্য যতটুকু সম্ভব নিরাপদ কিনা। যে সকল দ্রব্যাদি পরীক্ষা করা হবে তাতে পরিষ্কারভাবে লেবেল লাগিয়ে রাখতে

হবে যে দ্রব্যগুলি ইন্সপেকশন পরীক্ষা পাশ করেছে। যখন এই সকল জিনিস কিনবেন, আমরা অনুরোধ করব যে যদি আপনার কোন সন্দেহ হয়, তাহলে তা কিনবেন না।

# ফার্ণিচার বা আসবাবপত্র প্রজেক্ট

লন্ডনে অনেকগুলি ফার্ণিচার প্রজেক্ট আছে যেখানে আপনি পুরাতন আসবাবপত্র কিনতে পারবেন। ফার্ণিচার প্রজেক্ট ব্যবহার করার লাভ হলো যে, তারা নিম্ন আয়ের লোকদের জন্য ভর্তুকি মূল্যে জিনিসপত্র বিক্রি করেন। সকল জিনিসপত্র পুরাতন এবং ব্যাক্তির নিজস্ব অবস্থার উপর ভিত্তি করে মূল্য ধরা হয়। সকল সাদা দ্রব্য বিক্রির পূর্বে পরীক্ষিত ও এইগুলির হেল্‌থ এন্ড সেফ্‌টি সার্টিফিকেট আছে কিনা দেখুন।

## কিভাবে ফার্ণিচার প্রজেক্ট কাজ করে

* প্রজেক্টটি দানকৃত আসবাবপত্র ও গৃহস্থালী গ্যাস ও ইলেকট্রিক দ্রব্যাদি রি-সাইক্যাল করে এবং পুনরায় বিতরণ করে।
* অধিকাংশেরই একটি রেজিষ্টার্ড এজেন্সীর মাধ্যমে রেফারেলের প্রয়োজন - আপনি নিজেকে রেফার করতে পারবেন না।
* আপনি হয়ত ইভ্‌স রি-সেটেলমেন্ট সার্ভিস, সোশ্যাল সার্ভিসেস, CABS বা আপনার হাউজিং এসোসিয়েশন কর্তৃক রেফারেলকৃত হতে পারবেন।
* কিছু কিছুর জন্য একটি আবেদনপত্র পূরণ করার দরকার হয়।
* আপনাকে হয়ত একটি অ্যাপয়েন্টমেন্ট করে ফার্ণিচার দেখতে যেতে হতে পারে।
* হয়ত একটি ডেলিভারী চার্জ থাকতে পারে।

ফার্ণিচার প্রজেক্টের একটি তালিকার জন্য পরিশিষ্ট C দেখুন।

# ইন্টারনেট

ফ্রি-সাইক্যাল একটি ইন্টারনেট সাইট, যেখানে লোকজন জিনিসপত্রের বিজ্ঞাপন দেন যা তারা দিয়ে দিতে বা দান করতে চান, বা জিনিসপত্র চাইতে পারেন যা তারা লোকজন তাদেরকে ফ্রি দান করুক বলে চান। ফ্রি সাইক্যালে যে সকল জিনিসপত্রের বিজ্ঞাপন দেওয়া হয় তা বিছানা ও সোফা থেকে শুরু করে কেক ও স্প্যানার্স ও কাপড় চোপড় থেকে শুরু করে উঠচুং পর্যন্ত থাকতে পারে, মূলত আপনি যা চান তার সবকিছুই এখানে পেতে পারেন। সাইটটি ভৌগলিক এলাকা বা লোকেশন অনুযায়ী বিভক্ত তাই আপনার কাছাকাছি কি পাওয়া যায় তা আপনি হয়ত খুঁজে পাবেন। বড় কোন জিনিস হলে আপনাকে হয়ত পরিবহন খরচ পরিশোধ করতে হতে পারে।

www.freecycle.org/group/UK/London

## একটি সাবধান বাণী...

যখন আপনি আপনার ঘরের আসবাবপত্রের কথা ভাবা শুরু করেন তখন আপনি হয়ত এইরকম ফার্ণিচার স্টোর এর সম্মুখীন হতে পারেন যারা 'এখন কিনুন, পরে পরিশোধ করুন' স্কিমস্ বা লোন অফার করে। এই ধরনের বিষয় মনে হতে পারে আকর্ষণীয়, যেহেতু তারা আপনি যা চান তার সবকিছু কেনার জন্য অনুমোদন দেয় এবং পরে মাসে মাসে অর্থ পরিশোধ করতে হয়। তবে আপনার উচিত অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা। এই ধরনের অনেকগুলি (সবগুলি নয়) লোন/ক্রেডিট চুক্তি অনেক বেশী পরিমাণের ইন্টারেষ্ট বা সুদ নেয় এবং আপনি হয়ত আপনার জিনিসপত্রের জন্য অনেক অনেক বেশী অর্থ পরিশোধ করবেন। স্টোরগুলি 1000% সুদ চার্জ করা অজানা নয়, সুতরাং আপনি হয়ত এখনও দেখতে পাবেন যে সোফার জন্য আপনি এখনও পাঁচ বছর যাবত সুদ পরিশোধ করে যাচ্ছেন, যা আপনি হয়ত ভেঙ্গে গেছে বলে অনেক বছর পূর্বে ফেলে দিয়েছেন। এই ধরনের কোন স্কিমে দস্তখত করার পূর্বে পরীক্ষা করুন। নরম ফার্ণিচার যেমন বিছানা এবং সোফার একটি 'ফায়ার সেফ্‌টি' সার্টিফিকেট থাকা উচিত, যদি এইগুলি না থাকে তাহলে কিনবেন না।

যুক্তরাজ্যব্যাপী বিক্রির জন্য একটি বৃহৎ পুরাতন জিনিসপত্রের সংগ্রহ লুটের (Loot) আছে এবং একই সাথে তারা হ্রাসকৃত মূল্য অফার করে।
www.loot.com

গামট্রি (Gumtree) হলো অন্য একটি ওয়েবসাইট যেখানে লোকজন কমদামে বা বিনামূল্যে জিনিসপত্র বিক্রির অফার দেন যদি তারা তা দ্রুত দিয়ে দিতে চান।
www.gumtree.com/london


NEW
CONTENTS
LOUNGE
DINING ROOM
STUDY
KITCHEN

# 2. শুরু থেকে এটিকে সঠিকভাবে করা...... ভাড়া ও বিল সমূহ

# ভাড়া

একমত হওয়া ভাড়া পরিশোধ করা গুরুত্বপূর্ণ, কারণ আপনার টেনান্সী আপনার ও ল্যান্ডলর্ডের মধ্যে আইনতঃ অবশ্য করণীয় কন্ট্রাক্ট।

যখন আপনি প্রথমে ঘরে আসবেন, তখন এটি সাহায্যকারী হবে যদি আপনি রুটিন মাফিক ভাড়া পরিশোধ করেন এবং এতে স্থির থাকেন। আমরা জানি যে মাঝে মাঝে লোকজনের আয় সীমাবদ্ধ থাকে এবং তা মাঝে মাঝে কঠিন পরিস্থিতিতে পছন্দ করতে হয়, যেমন আপনার মেয়ের জন্মদিন হয়ত আসছে এবং আপনার পর্যাপ্ত অর্থ নাই তাকে চমৎকার একজোড়া মিউজিক্যাল রোলার স্ক্যাটস্ কিনে দেবার জন্য, যার জন্য সে বায়না করেছে ও তার মনে ধরেছে এবং একইসাথে ভাড়াও দিতে হয়...

## ভাড়া পরিশোধ করা !

আমরা এটি এইজন্য বলছি না যে আমরা আপনার মেয়ের ব্যাপারে মোটেই ভাবছি না, তবে আমরা জানি যে সর্বদা আপনার মানিব্যাগের চাহিদা আছে এবং এটি সত্যিই কঠিন হতে পারে যদি একবার ভাড়া পরিশোধ করা থেকে দূরে থাকেন তাহলে তা আপনাকে বার বার করা থেকে দূরে রাখবে এবং তারপর আপনার বকেয়া ভাড়া নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে এবং আবার পুনরায় সঠিক পথে আসাকে অসম্ভব করে তুলবে এবং আপনি নিজেকে হতাশাগ্রস্ত হিসাবে দেখতে পাবেন, এবং ল্যান্ডলর্ড থেকে চিঠিপত্র আসা শুরু হবে এবং আপনার ঘরে নিরাপদহীন স্থান হয়ে যাবে এবং সমস্যার অংশ হয়ে যাবে। দয়া করে আমাদেরকে বিশ্বাস করুন যে এই হতাশা ও অসুখী অবস্থা আপনার জন্য ভালো নয় ; আমাদে

দয়া করে আমাদেরকে বিশ্বাস করুন যে এই হতাশা ও অসুখী অবস্থা আপনার জন্য ভালো নয় ; আমাদের পরামর্শ নিন এবং ঘরে আসার প্রথম সপ্তাহ থেকে একটি রুটিন মেনে চলুন ; এবং আপনার ভাড়া নির্দিষ্ট সময়ে পরিশোধ করুন।

## যদি আপনি ভাড়া পরিশোধে অসুবিধায় পড়েন বা বকেয়া ভাড়া থাকে তাহলে কি করতে হয়

ঠিক আছে, আপনি আমাদের কথা শুনে নাই এবং স্ক্যাটস্ এনেছেন...... ভীত হবেন না ; আমরা এটি ব্যাক্তিগতভাবে নেব না। চলুন চেষ্টা করি এবং এটি সমাধান করি।

## পরামর্শ 1

এটি গুরুত্বপূর্ণ যে ভীত হবেন না বা অভিনয় করবেন না যে এটি কোন ব্যাপার নয়। আপনিই প্রথম ব্যাক্তি নন যিনি বকেয়া ভাড়ায় আছেন এবং আমরা আপনাকে গ্যারান্টি দেই যে আপনিই শেষ ব্যাক্তি হবেন না। সত্যিই গুরুত্বপূর্ণ বিষয় হলো পরিস্থিতিটি সমাধান করা ও আবার সমান ভালো অবস্থায় আসা।

## পরামর্শ 2

আপনার ল্যান্ডলর্ডের সাথে যত তাড়াতাড়ি সম্ভব যোগাযোগ করুন এবং তাদেরকে জানান যে ভাড়া পরিশোধ করতে আপনার অসুবিধা হচ্ছে। যদি ইতিমধ্যেই আপনার বকেয়া হয় তাহলেও তাদের সাথে যোগাযোগ করুন। ল্যান্ডলর্ডরা সাধারণতঃ দৈত্য নন এবং তাদেরও স্বার্থ আছে আপনার সাথে কাজ করে বকেয়া পরিশোধে আপনাকে সাহায্য করার জন্য। যেহেতু এই প্রক্রিয়ায় এমনকি আকাংখিত সময়ের কিছু পরে হলেও তারা তাদের অর্থ ফেরত পাবেন। তারা বাস্তব সম্মত পেমেন্টে নির্ধারণের মাধ্যমে আপনাকে সাহায্য করতে পারেন। তাই তাদের সাথে যোগাযোগ করতে ভয় পাবেন না।

## পরামর্শ 3

যদি আপনি নিম্ন আয়ের হয়ে থাকেন এবং পুরো ভাড়া বা আংশিক ভাড়া পরিশোধ করতে আর্থিক সাহায্যের দরকার হয়, তাহলে আপনি হয়ত হাউজিং বেনিফিট পেতে পারেন, কে যোগ্য এবং কিভাবে ক্লেইম করতে হয় সে বিষয়ে আরও জানুন: www.direct.gov.uk.

## পরামর্শ 4

বেশীরভাগ বকেয়া ভাড়ার কারণ হলো দেরীতে হাউজিং বেনিফিট পাওয়ার জন্য। অধিকাংশ ল্যান্ডলর্ডরা পদ্ধতিটি জানেন এবং এটিকে দেরীতে পেমেন্ট হিসাবে গ্রহন করেন, তবে আপনার উচিত তাদেরকে তা জানানো। যদি আপনি পেমেন্ট এর অংশ বিশেষ পরিশোধের জন্য দায়িত্বশীল হন, তাহলে নিশ্চিত করুন আপনি আপনার অংশ যথা সময়ে পরিশোধ করেছেন।

### পরামর্শ 5

কখনও সাহায্য চাওয়ার ব্যাপারে বেশী ভীত হবেন না। অনেকগুলি এজেন্সী আপনার এলাকায় কাজ করে, যদি আপনার সমস্যা হয়ে থাকে তাহলে তারা আপনার পক্ষ হয়ে ল্যান্ডলর্ড ও বেনিফিট এজেন্সী সমূহের সাথে খুশী মনে লিঁয়াজো করতে পারবেন।

### একটি সাবধানবাণী...

যদি আপনাকে বকেয়া ভাড়ার কারণে উচ্ছেদ করা হয়, তাহলে আপনাকে কাউন্সিল বা বরো কর্তৃক দেখা হবে 'ইচ্ছাকৃতভাবে গৃহহীন' হিসাবে এবং পুনরায় ঘর দেবার জন্য তারা হয়ত দায়িত্ব নেবেন না। আপনার আরও লক্ষ্য রাখা উচিত যে উচ্ছেদ করার পরও এই ঋণ মুক্ত হবেন না, তাই এটি আপনার ক্রেডিট রেটিং এ একটি দীর্ঘ মেয়াদী প্রভাব ফেলবে।

## আপনার ভাড়া পরিশোধের পন্থাগুলি

অধিকাংশ ল্যান্ডলর্ডের তাদের ভাড়াটিয়াদের ভাড়া পরিশোধের জন্য অনেকগুলো পথ রয়েছে:

* ডাইরেক্ট ডেবিট বা স্টান্ডিং অর্ডার- এটি হলো ভাড়া পরিশোধ করার সবচেয়ে সুবিধাজনক পদ্ধতি, যেহেতু প্রতি মাসে এটি আপনার ব্যাংক একাউন্ট থেকে নিয়ে যাওয়া হয় এবং তাই এটি আপনাকে ঋণ আক্রান্ত হওয়া থেকে রক্ষা করে। অসুবিধা হলো ভাড়া নেয়ার সময় যদি আপনার একাউন্টে পর্যাপ্ত অর্থ না থাকে তাহলে ব্যাংক কর্তৃক আপনাকে উচ্চ জরিমানা প্রদান করতে হবে।
* টেলিফোন - অধিকাংশ ল্যান্ডলর্ডরা ফোনের মাধ্যমে ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহার করে ভাড়া পরিশোধ করা অফার করে থাকেন।

* ইন্টারনেট - যদি আপনার ঘরে কম্পিউটার ও ইন্টারনেট সুবিধা থাকে, তাহলে তা হয়ত ভাড়া পরিশোধের জন্য সুবিধাজনক হতে পারে। যখন আপনার সুবিধা হয় তখন তা পরিশোধ করতে পারবেন, অফিস সময়ের বাইরেও (যতক্ষন পর্যন্ত আপনি যথা সময়ে পরিশোধ করেন)। আপনার হাউজিং অফিসারের সাথে যাচাই করুন, আপনার ল্যান্ডলর্ডের নিকট এই পন্থায় ভাড়া পরিশোধ করা যায় কিনা।
* ভাড়ার কার্ড- ভাড়া প্রদানের কার্ড দিয়ে কোন দোকানে ভাড়া দিতে পারবেন যদি তাদের পে-পয়েন্ট থাকে। পেমেন্ট সমূহের সকল রিসিট রাখা গুরুত্বপূর্ণ, যেহেতু আপনার ভাড়া পরিশোধের এটি একটি প্রমাণ।



# কাউন্সিল ট্যাক্স

যদি আপনার নিজস্ব ট্যানেন্সী থাকে তাহলে কাউন্সিল ট্যাক্স পরিশোধের জন্য আপনি দায়িত্বশীল। কাউন্সিল ট্যাক্স স্থানীয় সার্ভিস সমূহ পরিশোধে সাহায্য করে যেমন, পুলিশ ও আবর্জনা সংগ্রহ। সকল গৃহস্থালী ঘরের জন্য কাউন্সিল ট্যাক্স প্রযোজ্য, এর মধ্যে আছে ঘর, বাংলো, ফ্ল্যাট, মাইসোনেট ও মোবাইল ঘর, ভাড়ায় বা নিজস্ব যাই হোক না কেন।

অধিকাংশ স্থানীয় কর্তৃপক্ষ বরোর বাসিন্দাদের মাসিক ভিত্তিতে কাউন্সিল ট্যাক্স ডাইরেক্ট ডেবিট বা স্টান্ডিং অর্ডারের মাধ্যমে পরিশোধ করলে খুশী হন। যাইহোক, যদি আপনি বকেয়ায় থাকেন তাহলে তারা হয়ত একবারে তা পরিশোধ করতে আপনাকে অনুরোধ করবেন।

## কাউন্সিল ট্যাক্স হ্রাসকৃত বা ডিসকাউন্ট

একক ব্যাক্তির ডিসকাউন্ট ; যদি আপনি একজন একাকী থাকেন (যেমন: একা থাকেন) এবং কাজ করেন, তাহলে আপনি 25% ডিসকাউন্ট ট্যাক্সের জন্য যোগ্য।

কাউন্সিল ট্যাক্স বেনিফিট : যদি আপনি বেনিফিটে থাকেন তাহলেও আপনি কাউন্সিল ট্যাক্স বেনিফিটের জন্য যোগ্য। হাউজিং বেনিফিটের সাথে এই ফর্ম একত্রে পূরণ করা উচিত।

আপনার স্থানীয় কাউন্সিল ওয়েব সাইট পরিদর্শন করুন, যাতে আপনি জানতে পারবেন কিভাবে একটি একাউন্ট সেট আপ করতে হয় এবং আপনাকে কত অর্থ পরিশোধ করতে হবে (পরিশিষ্ট C তে বিস্তারিত আছে)।

# গ্যাস ও ইলেকট্রিসিটি

## গ্যাস লিক

যদি আপনি গ্যাসের গন্ধ পান, বা মনে করেন কোথাও গ্যাস লিক হচ্ছে, তাহলে আপনার উচিত সরাসরি ন্যাশনাল গ্রীড গ্যাস ইমার্জেন্সীর নিকট ফোন করা। নম্বরটিতে ফোন করা ফ্রি, তাই দ্বিধা করবেন না।

নিশ্চিত করুন যাতে সকল গ্যাসের যন্ত্রপাতি বন্ধ থাকে এবং সম্ভব হলে মেইন সুইচ বন্ধ করুন।

তারপর সকল দরজা ও জানালা খুলুন যাতে গ্যাস বের হয়ে যায়।

### নিম্নলিখিত জিনিস করবেন না

* লাইট চালু বা বন্ধ করা
* অন্যান্য ইলেকট্রিক্যাল সুইচ বা যন্ত্রপাতি বন্ধ করা
* ধূমপান ; বা
* ম্যাচ জ্বালানো বা অন্য কোন খোলা আগুন

যেহেতু এটি কোন বিস্ফোরণে সহায়তা করতে পারে।

### একটি সাবধান বাণী...

... নিজে নিজে কোন সমস্যা তদন্ত করতে চেষ্টা করবেন না বা কোন ত্রুটিপূর্ণ দ্রব্যাদি বা লিক নিজে মেরামতের উদ্যোগ নিবেন না।

ন্যাশনাল গ্রীড ইমার্জেন্সীর (সাবেক ট্রান্সকো গ্যাস) নিকট ফোন করুন, এর ফ্রি 24 ঘন্টার নম্বরে 0800 111 999

আরও তথ্যের জন্য পরিদর্শন করুন:
www.gas-guide.org.uk/emergencies.html

# সরবরাহকারী

আপনার উচিত খুঁজে দেখা যে কারা আপনার ঘরে গ্যাস ও ইলেকট্রিসিটি সরবরাহ করে, তাহলে আপনি আপনার নিজস্ব একাউন্ট নির্ধারন করতে পারবেন। প্রথমে, আপনার ল্যান্ডলর্ড বা হাউজিং অফিসারকে জিজ্ঞাসা করুন, যদি তারা নিশ্চিত না হন, তাহলে নিম্নলিখিত এজেন্সী বলতে পারবে আপনার সরবরাহকারী কারা :

* **ট্রান্সকো মিটার হেল্প লাইন -** 0870 608 1524 **(গ্যাস)**
* **উউঋ এনার্জি নেটওয়ার্ক মিটার পয়েন্ট এডমিনিষ্ট্রেশন সার্ভিস্** 0800 096 9000 **(বিদ্যুত)**
* www.gas-guide.org.uk/emergencies.html

# মিটার রিডিংস

যে দিন আপনি লীজে দস্তখত করবেন সেদিনের গ্যাস ও বিদ্যুত মিটার রিডিং নিন, তাহলে আপনি জানতে পারবেন আপনি শুধুমাত্র তাই পরিশোধ করছেন যা আপনি নিজে ব্যবহার করছেন, পূর্বতন ভাড়াটিয়ার নয়।

জ্বালানী কোম্পানী সমূহ প্রতি ছয় মাসে একবার মিটার রিডিং করার জন্য আসেন। এটি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ যাতে সরবরাহকারীর হাল-নাগাদ রিডিং থাকে, অন্যথায় তারা আপনার বিল আনুমানিক করবেন এবং ফলে আপনি হয়ত ঋণগ্রস্ত হতে পারেন।

যখন কন্ট্রাকটররা আপনার ঘরে আসবেন তখন দয়া করে সর্বদা আপনার নিরাপত্তার বিষয়ে সচেতন থাকবেন। যদি আপনি পূর্বে না জানেন যে কেউ আসছে তাহলে আপনি তাদেরকে ঢুকতে নাও দিতে পারেন। তাদেরকে বলুন বাহিরে অপেক্ষা করার জন্য যখন আপনি কোম্পানীকে ফোন করে পরীক্ষা করতে পারেন যে তারা প্রকৃত। সর্বদা নিশ্চিত করুন ঘরে প্রবেশের পূর্বে যাতে পরিচয়পত্র দেখানো হয়।

# সঠিক সরবরাহকারী খুঁজে বের করা

আপনাকে অবশ্যই সরবরাহকারী পরিবর্তন করতে হবে না । আপনি বর্তমান সরবরাহকারীর সাথে একটি একাউন্ট তৈরী করতে পারেন। যাইহোক, হয়ত অনেক ভিন্ন জ্বালানী সরবরাহকারী থাকতে পারে এবং আপনি হয়ত দেখতে পারেন যে

আপনার বর্তমান সরবরাহকারী সবচেয়ে কম মূল্যের নয়। মনে রাখবেন যে, অনেক সরবরাহকারী ডিসকাউন্ট অফার করেন যদি আপনি তাদেরকে আপনার গ্যাস ও বিদ্যুত উভয়টি সরবরাহ করতে দেন (যাকে 'ডুয়াল ফুয়েল একাউন্ট' বলা হয়)।

নিম্নলিখিত হলো সবচেয়ে বেশী সাধারণ গ্যাস ও বিদ্যুত সরবরাহকারীর মধ্যে কিছু:

* **ব্রিটিশ গ্যাস** www.britishgas.co.uk
* E.ON Energy – www.eon-uk.com
* EDF Energy – www.edfenergy.com
* Npower – www.npower.com

যদি আপনি চারদিক খুঁজেন, তাহলে হয়ত আপনি কমমূল্যের সরবরাহকারী খুঁজে পেতে পারেন। সবচেয়ে ভালো ও সাশ্রয়ী সরবরাহকারী খুঁজে পাবার জন্য নিম্নলিখিত ওয়েব সাইট দেখুন:

* www.moneysupermarket.com
* www.uswitch.com
* www.ukpower.co.uk
* www.confused.com
* www.energychoices.co.uk

মনে রাখবেন যে, যদি আপনি সরবরাহকারী পরিবর্তন করেন, তাহলে আপনি অবশ্যই বর্তমান সরবরাহকারীকে জানাবেন যে আপনি তাদেরকে ত্যাগ করছেন, তাদেরকে একটি মিটার রিডিং দিন এবং বাকী পাওনা বিল পরিশোধ করুন।

## কিভাবে জ্বালানী সরবরাহকারী পরিবর্তন করবেন

উপরের তালিকার সরবরাহকারীদের নিকট ফোন করুন ও তাদের ট্যারিফ কত তা জিজ্ঞাসা করুন। যখন আপনি আপনার নতুন সরবরাহকারী সম্পর্কে সিদ্ধান্ত নেবেন, তখন তাদেরকে ফোন করুন এবং জিজ্ঞাসা করুন কিভাবে তাদের সার্ভিস পরিবর্তন করবেন।

আপনার বিকল্প পথ বা অধিকার সম্পর্কে যদি আরও তথ্যের দরকার হয় তাহলে আপনি কাষ্টমার ডাইরেক্ট এর নিকট 0845 404 0506 নম্বরে ফোন করতে পারেন বা www.consumerdirect.gov.uk ওয়েব সাইট পরিদর্শন করতে পারেন।

# গ্যাস মিটার

ঘরে দুই ধরনের মিটার সাধারণতঃ ব্যবহার করা হয়

## ক্রেডিট মিটার

অধিকাংশ গ্রাহকেরই একটি ক্রেডিট মিটার আছে, যাতে রেকর্ড হয় কত পরিমাণ গ্যাস আপনি ব্যবহার করেন। ক্রেডিট মিটারে আপনি নিয়মিত বিল পাবেন এবং প্রতি ছয় মাসে কেউ এসে আপনার মিটার পরীক্ষা করবেন। আনুমানিক বিল পাঠানো হবে তখন যখন কোন রিডিং নেয়া হবে না এবং আপনি ফোন করে প্রকৃত রিডিং দিতে পারবেন সঠিক বিলের জন্য। যখন একটি মিটার রিডিং দেবেন তখন আপনার হয়ত MPRN (গ্যাস মিটার পয়েন্ট রেফারেন্স নম্বর) দরকার হবে। এটি একটি অদ্বিতীয় দশ সংখ্যার নম্বর এবং তা আপনার গ্যাস বিলে পাওয়া যেতে পারে। এটিকে মাঝে মাঝে 'M' নম্বরও বলা হয়।




চিত্র 1: গ্যাস ক্রেডিট মিটার

# প্রি-পেমেন্ট মিটার

এই ধরনের মিটারে আপনি আপনার গ্যাসের জন্য অর্থ দেন তা ব্যবহার করার পূর্বে। কয়েনলেস্ প্রি-পেমেন্ট বা স্মার্ট কার্ড মিটার সমূহ টোকেন দ্বারা 'কি' এবং 'কয়েন' মিটারকে পরিবর্তিত করেছে। আপনি আপনার কার্ড একটি নির্দিষ্ট পরিমাণ ক্রেডিট দ্বারা চার্জ করবেন এবং মিটারে রেকর্ড হবে আপনি কত পরিমাণ গ্যাস ব্যবহার করেছেন। আপনার গ্যাস সরবরাহকারী আপনাকে বলতে পারবেন কোথায় আপনার কার্ড পাবেন বা 'কি' চার্জ করবেন।




চিত্র 2: গ্যাস প্রি-পেমেন্ট মিটার

# বিদ্যুত মিটার

দুই ধরনের বিদ্যুত মিটার আছে - ক্রেডিট ও প্রি-পেমেন্ট (গ্যাস মিটারের মত)।




## ক্রেডিট মিটার

অধিকাংশ গ্রাহকের একটি ক্রেডিট মিটার আছে যা আপনার ব্যবহারকৃত বিদ্যুতের রেকর্ড রাখে। ক্রেডিট মিটার অনুযায়ী আপনি ত্রৈমাসিক একটি বিল পাবেন এবং প্রতি ছয় মাসে কেউ আসবেন ও মিটার রিডিং নেবেন। আনুমানিক বিল পাঠানো হবে তখন যখন কোন রিডিং নেয়া হবে না এবং আপনি ফোন করে প্রকৃত রিডিং দিতে পারবেন সঠিক বিলের জন্য।

## প্রি-পেমেন্ট মিটার

প্রি-পেমেন্ট মিটারে আপনি অগ্রিম অর্থ পরিশোধ করেন এবং যখন আপনার অর্থ শেষ হয়ে যায়, তখন আপনার বিদ্যুত বন্ধ হয়ে যায়। এই পদ্ধতিটি 'পে-এজ-ইউ-গো' মোবাইল ফোনের মতো। প্রি-পেমেন্ট মিটার সাধারণতঃ টোকেন বা কার্ড গ্রহন করে যা কেনা যেতে পারে বা টপ-আপ করা যায়। আপনার সরবরাহকারী আপনাকে বলবেন কোথা থেকে টোকেন কিনবেন বা কার্ড টপ-আপ করবেন।



# মিটার রিডিং করা

যদি আপনি লক্ষ্য করেন আপনার গ্যাস বা বিদ্যুত বিল আনুমানিক, তাহলে আপনার সরবরাহকারীর নিকট ফোন করুন এবং তাদেরকে এসে মিটার রিডিং নেয়ার জন্য বুক করুন, যাতে করে নিশ্চিত করা যায় আপনি আপনার ব্যবহার করা সঠিক জ্বালানীর মূল্য পরিশোধ করছেন। আপনি হয়ত কম পরিশোধ করে থাকতে পারেন, যার অর্থ হলো আপনার ঋণ হতে পারে। যখন কন্ট্রাকটররা আসেন ও মিটার রিড করেন, তখন তাদেরকে জিজ্ঞাসা করুন কিভাবে তা করা যায়, তাহলে আপনি নিয়মিত তাদেরকে হাল-নাগাদ রিডিং দিতে পারবেন। অন্যথায়, নির্দেশিকার জন্য আপনার সরবরাহকারীর ওয়েব সাইট পরিদর্শন করুন।

# পানি

প্রত্যেকেরই তাদের পানির জন্য অর্থ পরিশোধ করতে হয়। আপনার ঘরে নিরাপদ পানি ও সিওয়ারেজ ট্রিটমেন্ট (ময়লা পানি যাওয়ার ব্যবস্থা) এ পানি সরবরাহের জন্য অর্থ পরিশোধ করতে হয়। জ্বালানী সরবরাহকারীর মতো পানি সরবরাহকারী পছন্দ করার ব্যবস্থা নাই। লন্ডনে থেম্‌স ওয়াটার হলো সরবরাহকারী। আরও তথ্যের জন্য পরিদর্শন করুন www.thameswater.co.uk.

## মিটার

সকল ঘরে পানির মিটার নাই। আপনার হাউজিং অফিসারকে জিজ্ঞাসা করুন আপনার একটি মিটার আছে কিনা, এবং তা কোথায়। আপনার ঘরে বা বাইরে পানির মিটার স্থাপিত হতে পারে। ঘরের অভ্যন্তরের মিটার সাধারণতঃ সিংকের নীচে থাকে এবং বাহিরের মিটার সাধারণতঃ বাহিরের স্টপ ভাল্বে স্থাপিত থাকে (একটি ছোট মেটাল বা ধাতব বা পাষ্টিকের কভার আপনার ড্রাইভের স্থানে, বাগানে বা ফুটপাতের নিকট খুঁজুন)।

## কিভাবে আমি আমার মিটার দেখতে পারব ?

বাহিরে স্থাপিত মিটার সমূহ সাধারণতঃ একটি ছোট ধাতব বা পাষ্টিকের কভার দ্বারা আবৃত ছোট বক্সে থাকে। এটি খোলার জন্য আপনার একটি স্ক্রু ড্রাইভার দরকার হবে, কভারের নীচে আপনি একটি ফোম বা পলিষ্টারিন ডিস্ক পাবেন। এটি আপনার মিটারকে বরফ থেকে রক্ষা করে, সুতরাং নিশ্চিত করুন যাতে এটি আপনি আবার যথাস্থানে রাখেন।

## কিভাবে আমি আমার পানির মিটার পড়ব ?

পানির মিটারে অনেকগুলো কালো ও লাল নম্বর পাবেন। শুধুমাত্র কালো নম্বরের রেকর্ড নিন এবং বাম থেকে ডানে পড়ুন।

মিটার রিডিং সরবরাহকারী কর্তৃক স্বাধীনভাবে পড়া উচিত। যাইহোক, এটি সব সময় সম্ভবপর হয় না ; আপনার বিল পরীক্ষা করুন এবং দেখুন যে বিলটি আনুমানিক কিনা এবং নিশ্চিত করুন যাতে যত তাড়াতাড়ি সম্ভব আপনি একটি রিডিং দিয়েছেন। সর্বদা এটি উত্তম যাতে নিশ্চিত করা যায় রিডিং হাল-নাগাদ আছে, তাহলে ঋণ থেকে মুক্ত থাকতে পারবেন।

# কিভাবে আমি মিটার রিডিং প্রদান করব ?

## অনলাইনে

ইন্টারনেটের মাধ্যমে রিডিং প্রদান করতে হলে www.thameswater.co.uk পরিদর্শন করুন।

## ফোনের মাধ্যমে

24 ঘন্টাব্যাপী স্বয়ংক্রিয় সার্ভিসে 0845 9200 888 নম্বরে ফোন করে, বা 0845 9200 800 নম্বর ব্যবহার করে কাষ্টমার সার্ভিস এডভাইজরের সাথে কথা বলে (সপ্তাহের দিনগুলিতে সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত খোলা এবং শনিবার সকাল 8টা থেকে দুপুর 1টা পর্যন্ত)।

## ডাকযোগে

যদি আপনি অনলাইনে বা ফোনে আপনার মিটার রিডিং প্রদানে ব্যর্থ হন, তাহলে আপনি তা থেম্‌স ওয়াটারের নিকট এই ঠিকানায় ডাকযোগে পাঠাতে পারেন: Thames Water, PO Box 436, Swindon SN38 1TU.

# টিভি লাইসেন্স

যদি আপনি টেলিভিশন প্রোগ্রাম দেখেন বা রেকর্ড করেন, তাহলে আপনাকে অবশ্যই টিভি লাইসেন্সের জন্য আইনতঃ অর্থ প্রদান করতে হবে। যদি আপনি অন্ধ হিসাবে রেজিষ্টার্ড থাকেন বা মারাত্মক চোখে দেখার সমস্যায় ভূগেন তাহলে আপনি লাইসেন্স ৫০% হ্রাসকৃত অর্থে পাওয়ার অধিকারী।

যখন আপনার বয়স ৭৫ হয়, তখনও আপনার একটি লাইসেন্স থাকতে হবে, তবে তা বিনামূল্যে পাবেন। আরও তথ্যের জন্য পরিদর্শন করুন www.tvlicensing.co.uk

বা লিখুন: Customer Services
TV Licensing
Bristol BS98 1TL

## কিভাবে আমি একটি লাইসেন্সের জন্য অর্থ প্রদান করব ?

### ডাইরেক্ট ডেবিট

এটি আপনাকে আপনার লাইসেন্সের খরচ বছরব্যাপী কিস্তিতে পরিশোধের সুযোগ দেবে। এটি সবচেয়ে সুবিধাজনক পরিশোধের পদ্ধতি, এবং আপনার লাইসেন্স প্রতি বছর স্বয়ংক্রিয়ভাবে রিনিউ বা নবায়ন হয়ে যাবে।

### ডেবিট বা ক্রেডিট কার্ড

আপনি অনলাইনে নিরাপদে পরিশোধ করতে পারেন, ফোনে বা পে-পয়েন্ট আউটলেটে, 0844 800 6790 নম্বরে ফোন করুন বা www.tvlicensing.co.uk পরিদর্শন করুন।

### টিভি লাইসেন্স সেভিংস কার্ড

এটি সেই সকল লোকজনের জন্য যাদের ইতিমধ্যেই একটি টিভি লাইসেন্স আছে এবং পরবর্তী বছরের জন্য সহজে অর্থ জমাতে চান। আপনি যখন ইচ্ছা তখন সেভিং জমা

রাখতে পারেন কমপক্ষে £2, একটি কার্ডের জন্য আবেদন করা ফ্রি এবং এটি ব্যবহার করতে কোন অর্থ দিতে হয় না। যেকোন সময় আপনি অর্থ পরিশোধ করতে পারবেন, হয় অনলাইনে, বা ট্রেক্সের মাধ্যমে, যে কোন পে-পয়েন্ট আউটলেটে বা ফোনের মাধ্যমে। একটি কার্ড পেতে হলে 0300 555 0281 নম্বরে ফোন করুন।

## ক্যাশ পেমেন্ট প্যান

যদি আপনি আপনার টিভি লাইসেন্সের অর্থ বছরব্যাপী কিস্তিতে দিতে চান, কিন্তু ডাইরেক্ট ডেবিট সেট আপ করতে না চান তাহলে আপনি ক্যাশ পেমেন্ট প্যানে যুক্ত হতে পারেন, যা আপনাকে সাধ্যমতো অর্থ কিস্তির মাধ্যমে পরিশোধে সাহায্য করবে, সপ্তাহে £5.50, একবার প্যানে যুক্ত হওয়ার পর আপনাকে পেমেন্ট কার্ড এবং শিডিউল পাঠানো হবে, তাতে দেখা যাবে আপনার লাইসেন্সের জন্য কত এবং কখন তা পরিশোধ করেছেন।

যদি আপনি মাসিক পরিশোধ করা পছন্দ করেন, তাহলে আপনি ছয় মাসের মধ্যে প্রথম লাইসেন্স পরিশোধ করবেন। এরপর, আপনি আপনার পরবর্তী লাইসেন্সের জন্য 12 মাসের মধ্যে অর্থ পরিশোধ করবেন, ফলে আপনার পেমেন্টগুলি কম হবে।





# ৩. নিরাপদ থাকা ও নিরাপত্তা

যখন দেখবেন আপনার নতুন ঘর সজ্জিত ও আসবাবপত্র আনা হয়েছে, তখন এটি নিরাপদ ও সুরক্ষিত কিনা তা নিশ্চিত করা আপনার দরকার। এটি শুধু আপনার জিনিসপত্রকে কোন ক্ষতি বা চুরি থেকে রক্ষাই করবে না, বরঞ্চ এটি আপনাকে আরামদায়ক, নিরাপদ থাকার অনুভূতি দেবে ।

# ঘরের জিনিসপত্রের বা কনটেন্ট্স ইন্সুরেন্স

ঘরের জিনিসপত্রের ইন্সুরেন্স, এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে আপনার নিজস্ব মালপত্র রক্ষা হয়। বিভিন্ন পর্যায়ের খবার আছে, তবে সবচেয়ে সাধারণ পর্যায়টি হলো আপনার ঘরে চুরি হলে তা কভার করা। যদি আপনি সামান্য বেশী অর্থ পরিশোধ করেন, তাহলে আপনি সাধারণতঃ কোন দূর্ঘটনা দ্বারা ক্ষতি হওয়াও কভার করতে পারেন। কনটেন্ট্স বা মালপত্রের ইন্স্যুরেন্স বিশেষ করে সঠিক হয় যদি আপনার ঘরে কোন মূল্যবান সামগ্রী থাকে যেমন টেলিভিশন বা কম্পিউটার।

অবশ্যই দেখেশুনে বিভিন্ন কোম্পানীর ইন্স্যুরেন্স যাচাই করে ভালো শর্তাধীনের ইন্সুরেন্স করা দরকার। অফারের পর্যায়ের উপর ভিত্তি করে দামের তারতম্য হয়। ইন্সুরেন্স ক্রয় করার পূর্বে আপনি যাতে নীতিমালা যত্নসহকারে পড়েন তা নিশ্চিত করুন, বিশেষ করে কত এক্সেস পরিশোধ করতে হয় তা দেখবেন (এক্সেস হলো সেই পরিমাণ অর্থ, যা আপনি ক্লেইমের সাথে পরিশোধ করবেন, ইন্সুরেন্স কোম্পানী অর্থ দেওয়ার পূর্বে, এটি সাধারণতঃ £50-£300 পর্যন্ত হয়) এবং ইন্সুরেন্সে আপনার কি কি কভার হয় যেমন, চুরি, আগুন, বন্যা এবং আরও কিছু।

অধিকাংশ ইন্সুরেন্স কোম্পানী অফার করবে ইন্স্যুরেন্স করতে আপনি যাতে কিছু অর্থ প্রথমে লাম্প সাম্প দেন, বা মাসিক। মাসিক পরিশোধ করা ভালো যদি আপনার নিকট দেবার মতো লাম্প সাম্প না থাকে, তবে এজন্য আপনাকে সামান্য বেশী অর্থ দিতে হয়।

নিম্নলিখিত তুলনাকারী ওয়েব সাইট ব্যবহার করে কনটেন্ট্স বা মালপত্রের ইন্স্যুরেন্স তুলনা করুন:

- www.moneysupermarket.com
- www.uSwitch.com
- www.SimplySwitch.com
- www.unravelit.com
- www.HomeAdvisoryService.com
- www.confused.com
- www.gocompare.com

আপনার ল্যান্ডলর্ডও হয়ত ভাড়াটিয়াদের জন্য একটি ইন্স্যুরেন্স রি-পেমেন্ট স্কিম পরিচালনা করতে পারেন, যেখানে হয়ত ইন্স্যুরেন্সের খরচ ভাড়ার সাথে যুক্ত থাকে। আপনার ল্যান্ডলর্ড বা হাউজিং অফিসারের সাথে এটি পরীক্ষা করে দেখা ভালো।

ভূলে যাবেন না, যখন আপনার ঘরে কেউ না থাকেন তখন দরজা ও জানালা তালাবদ্ধ না রাখলে আপনার কনটেন্ট্স বা মালপত্রের ইন্স্যুরেন্স কার্যকর হবে না। এর অর্থ হলো যদি আপনার চুরি হয় তাহলে কোম্পানী অর্থ দেবে না কারণ আপনি দরজা বা জানালা খোলা রেখে বা তালাবদ্ধ না রেখে বাইরে চলে গিয়েছিলেন।



# চাবি, দরজা ও জানালা

একটি অতিরিক্ত সেট চাবি বানাবেন এবং যাকে আপনি খুব বিশ্বাস করেন তার নিকট রাখবেন। যদি আপনি আপনার চাবি হারিয়ে ফেলেন বা দুর্ঘটনাবশতঃ নিজেকে বাইরে রেখে তালাবদ্ধ করে ফেলেন, তাহলে আপনি তা ফেরত পেতে পারেন, লকস্মিথকে ফোন না করে বা জানালা না ভেঙ্গে। আপনার ল্যান্ডলর্ডের নিকট অতিরিক্ত চাবি নাও থাকতে পারে এবং এমনকি যদি তাদের নিকট তা থাকেও, তাদেরকে পাওয়া কষ্টকর হতে পারে। মনোযোগ দিয়ে ভাবুন যে যার নিকট আপনার চাবি রাখছেন, আপনি অবশ্যই তাদেরকে গভীরভাবে বিশ্বাস করেন। কখনও চাবি সচরাচর স্থানে রাখবেন না, যেমন গাছের টবের নীচে, দরজার ম্যাটের নীচে বা দরজার ফ্রেমের উপরে- কারণ চোররা প্রথমেই এইগুলো দেখে।

যদি আপনার দরজায় ডেডলক থাকে, তাহলে তা ব্যবহার করুন। এটি বিশেষ করে ভালো হয় যখন আপনি বাইরে যান বা ঘুমুতে যান। এটি ইন্স্যুরেন্স-এর ব্যাপারেও গুরুত্বপূর্ণ যে যদি আপনি বলেন আপনার ডেডলক আছে এবং আপনি তা ব্যবহার করেন।

প্রায় তিনভাগের একভাগ চোর পেছনের খোলা বা তালাবিহীন জানালা দিয়ে ঘরে ঢুকে, তাই পরীক্ষা করুন যে আপনার সকল দরজা ও জানালা নিরাপদভাবে বন্ধ আছে, বিশেষ করে নীচের তলায়। দৃশ্যমান তালা চোরদেরকে নিরাশ করে, কারণ জানালা ভাঙ্গার ফলে শব্দ হয় এবং অন্যের মনোযোগ আকর্ষণের সম্ভাবনা থাকে।

# যখন আপনি বাইরে যাবেন

* সময় নিয়ে পরীক্ষা করুন যে সকল দরজা ও জানালা সঠিকভাবে তালাবদ্ধ আছে।
* সামনের ও পেছনের দরজায় ডেডলক লাগান।
* সন্ধ্যায় ঘরের পর্দা টানুন যাতে আপনার কি কি দ্রব্য আছে তা লোকজন দেখতে না পারে। এটি বিশেষ করে গুরুত্বপূর্ণ যদি আপনার ঘরে মূল্যবান দ্রব্য থাকে, যেমন টিভি বা স্টেরিও।
* কিছু কিছু লোকজন যখন বাইরে যান তখন বাতি জ্বালিয়ে রাখেন, তাতে মনে হয় ভিতরে কেউ আছেন।
* যদি আপনি জানেন যে আপনি কয়েক দিনের জন্য বা অনেক দিনের জন্য বাইরে থাকবেন, তাহলে আপনার অতিরিক্ত সতর্কতা অবলম্বন করা দরকার। যেমন, প্রতিবেশীকে অনুরোধ করা আপনার ঘরের দিকে খেয়াল রাখার জন্য এবং নিউজপেপার ও দুধ ডেলিভারী বন্ধ করা। আপনি ভালো করে চেনেন এমন কাউকে ঘরে থাকার জন্য অনুরোধও করতে পারেন, তাহলে দীর্ঘদিনের জন্য ঘর একেবারে খালি থাকবে না।

**আপনার ঘর নিরাপদ রাখার ব্যাপারে আরও তথ্যের জন্য**
www.crimereduction.homeoffice.gov.uk **পরিদর্শন করুন।**



# 4. রি-সাইক্লিং ও জ্বালানী সংরক্ষণ করা

# রি-সাইক্লিং

পরিবেশ রক্ষার জন্য রি-সাইক্লিং করা ভালো, তবে মাঝে মাঝে এটি নির্ধারন করা কঠিন যে কি এবং কিভাবে রি-সাইক্যাল, পুনঃব্যবহার ও কমানো যায়।

অধিকাংশ স্থানীয় কর্তৃপক্ষ বা কাউন্সিল সাপ্তাহিক ভিত্তিতে রি-সাইক্লিং সংগ্রহ করে এবং আপনাকে একটি বিশেষ বাক্স দেয় রি-সাইক্যালযোগ্য দ্রব্য রাখার জন্য। কিছু কিছু কাউন্সিল লোকজনকে জরিমানা করে যদি তারা রি-সাইক্যাল না করেন, যেখানে আপনি বাস করেন সেখানকার নিয়ম কানুনের জন্য আপনার স্থানীয় কাউন্সিলকে ফোন করুন। রি-সাইক্লিং বিনের মতো, স্থানীয় কর্তৃপক্ষ সকল স্থানে রি-সাইক্যাল ব্যাংক রাখেন, যা বিভিন্ন রকমের দ্রব্যাদি রি-সাইক্যাল করার জন্য ব্যবহার করা যেতে পারে। এইগুলি অনেক রাস্তায়, হাউজিং এষ্টেটের বাহিরে স্থাপন করা হয়। রি-সাইক্লিং ব্যাংক খুঁজে পাবার জন্য এবং রি-সাইক্লিং সংক্রান্ত আরও তথ্যের জন্য, আপনার স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন বা www.recycling-guide.org.uk পরিদর্শন করুন।

কিছু কিছু নির্দিষ্ট সার্ভিস আছে যারা আপনার অব্যবহৃত দ্রব্যাদি নিয়ে যান যা এখনও ব্যবহার উপযোগী কিন্তু আপনি আর ব্যবহার করতে চান না।

www.dontdumpthat.org.uk এবং www.freecycle.org ওয়েবসাইটের মাধ্যমে আপনি সেই সকল লোকজনের সংস্পর্শে আসতে পারবেন যারা এসে আপনার দরকার নাই এমন জিনিসপত্র নিয়ে যাবেন।



# জ্বালানী ও অর্থ বাঁচানু

আপনার অভ্যাস সামান্য পরিবর্তন করার মাধ্যমে, সহজেই আপনার ঘরের জ্বালানী ও পানি ব্যবহার এবং যে পরিমাণ আবর্জনা আপনি তৈরী করেন তার পরিমাণ কমাতে পারেন।

## আপনার ঘরের হিটিং এর জ্বালানী বাঁচানো

* যখন প্রয়োজন শুধুমাত্র তখনই আপনার ঘর গরম করুন।
* আপনার থার্মোষ্টেট এক ডিগ্রী সেন্টিগ্রেড কমান এবং আপনি বছরে প্রায়৳৬০ বাঁচাতে পারবেন।
* অন্ধকারের সময় আপনার ঘরের পর্দা টানুন এবং দরজা বন্ধ রাখুন যাতে ভিতরে গরম থাকে।
* রেডিয়েটর্‌স এর চার পার্শ্বে পর্যাপ্ত জায়গা রাখুন যাতে কক্ষের চারদিকে তাপ প্রবাহিত হতে পারে।

## লাইটিং ও যন্ত্রপাতিতে জ্বালানী বাঁচানো

* যখন প্রয়োজন নাই তখন লাইট বন্ধ রাখুন।
* যন্ত্রপাতি স্টান্ডবাই রাখবেন না, এইগুলি চালু থাকলে যতটুকু বিদ্যুত ব্যবহার হয় স্টান্ডবাই থাকলে প্রায় একই পরিমাণ বিদ্যুত ব্যবহৃত হয়।
* আপনার ফোন চার্জারগুলি খুলে রাখুন, যখন ব্যবহার না করেন।
* কেতলী ব্যবহারের সময় যতটুকু পানি দরকার ততটুকুই বয়েল করুন।
* যদি আপনি ওয়াশিং মেশিনের ধারণ ক্ষমতার কম কাপড় দেন, তাহলে অর্ধেক লোড বা ইকোনমি অপশন্স ব্যবহার করুন।

## পানি বাঁচানো

* যখন দাঁত ব্রাশ করবেন, তখন পানির ট্যাপ বন্ধ রাখুন।
* যদি সম্ভব হয়, বাথ না করে শাওয়ার করুন।
* একটি ওয়াশিং আপ গামলা ব্যবহার করুন, চলমান ট্যাপের নীচে ওয়াশিং আপ বা রিনসিং না করে।



# 5. সাধারণ DIY বা নিজে করার বিষয়

এই বিভাগটি একটি নির্দেশিকা হিসাবে ব্যবহার করা উচিত। শুধুমাত্র সেই সকল মেরামতই করবেন যা আপনি করতে পারবেন বলে মনে করেন বা আত্ম-বিশ্বাসী হন, অন্যথায় আপনার ল্যান্ডলর্ডের মেরামত লাইনে যোগাযোগ করুন সমস্যা রিপোর্ট করার জন্য। যদি আপনি প্রাইভেট্‌লী ভাড়ার বাসস্থানে বাস করে থাকেন তাহলে আপনার উচিত মেরামতের বিষয়ে রিপোর্ট করার জন্য আপনার ল্যান্ডলর্ডের সাথে বা লেটিং এজেন্সীর সাথে যোগাযোগ করা।

# আপনার ঘর দেখাশুনার ব্যাপারে পরামর্শ

যদি আপনার নিজস্ব ট্যানেন্সী থাকে, তাহলে আপনার দায়িত্ব হলো ঘরের ভিতরের অংশ ভালো অবস্থায় রাখা, নিশ্চিত করবেন আপনি যাতে নিম্নলিখিত করেন:

* আপনার ঘর পরিষ্কার ও হাইজিনিক রাখুন ;
* ওয়াশিং আপ করার পূর্বে নিশ্চিত করবেন যাতে কোন খাদ্যের অংশ বিশেষ সিংকে না পড়ে এবং নিশ্চিত করবেন যাতে কিচেনের সিংকের অবর্জনার পাইপে জ্যাম বা বকেজ হওয়া প্রতিরোধ করা যায়।
* বাহিরের গাটার ও ড্রেনের পাইপে গাছের পাতা ও কোন আবর্জনা মুক্ত রাখবেন, তাহলে পানি সহজেই ড্রেন দিয়ে চলাচল করতে পারবে।
* নিশ্চিত করবেন যাতে আপনি জানেন, আপনার পানির মেইন সুইচ কোথায় আছে, এবং কিভাবে এটিকে বন্ধ করতে হয়। একই সাথে নিশ্চিতভাবে জেনে রাখুন কিভাবে জরুরী ক্ষেত্রে বিদ্যুত ও গ্যাস সরবরাহ বন্ধ করা যায়।



চিত্র 1: পানির মেইন সুইচ

# বাষ্প থেকে ড্যাম্প হওয়া দেখা শুনা করা

‘‘বাষ্প বা ড্যাম্প’’ হয় যখন ভেজা বাতাস এমন স্থানে লাগে যেখানে কম তাপমাত্রা থাকে। যখন ঠাণ্ডা স্থানে বাতাস লাগে বাতাস তখন ঠাণ্ডা হয়ে যায় এবং সেখানে পানি ছাড়ে, তাই আপনার দেয়াল ও আসবাবপত্র ভিজে যায়।

আপনার ঘরের বাতাস অধিকাংশ সময় তখনই আদ্র হয় যখন আপনি শাওয়ার করা শেষ করেন, যখন আপনি ভেজা কাপড় চোপড় ঘরে শুকান বা যখন আপনি কেতলীর মাধ্যমে পানি বয়েল করেন বা রান্না করার মাধ্যমে বাষ্প তৈরী করেন। যদি তা সে অবস্থায় রাখেন, বাষ্প বা ড্যাম্পের মাধ্যমে আপনার ঘর, কাপড়-চোপড় এবং বিছানাপত্র ক্ষতিগ্রস্ত হতে পারে। এটির ফলে দেওয়ালে বা সিলিংয়ে ছত্রাকও পড়তে পারে।

* ‘ড্যাম্প’ প্রতিরোধ করা সহজ! নিম্নলিখিত পরামর্শ আপনার ঘরে কম ড্যাম্প হতে সাহায্য করবে:
* খাবার সেদ্ধ করার সময় ঢেকে রাখুন ও তাপমাত্রা কমিয়ে রাখুন ; আপনার কাপড় চোপড় বাইরে শুকোতে দিন, বা খোলা বাতাস আসে এমন কক্ষে, বা একটি জানালা খুলে আদ্রতা বাইরে যেতে দিন।
* যখন আপনি শাওয়ার বা বাথ করবেন, তখন খোলা বাতাস রাখা বৃদ্ধি করুন যাতে আদ্রতা চলে যেতে পারে - জানালা খুলুন বা এক্সট্রাক্টর ফ্যান চালু করুন।
* প্রতিদিন ঘরের জানালা একটি নির্দিষ্ট সময় খোলা রাখার অভ্যাস করুন, ঘরের বাতাস পরিবর্তন করার জন্য।
* আসবাবপত্র এবং দেওয়ালের মধ্যে একটি গ্যাপ রাখুন যাতে বাতাস প্রবাহিত হতে পারে; এবং
* আদ্রতা মুছে ফেলুন, এর ফলে ছত্রাক তৈরী হওয়া বন্ধ হবে। যদি ছত্রাক হয়, তাহলে তরল বিচ দ্বারা তা মুছে ফেলুন (একভাগ বিচ ও চারভাগ পানি)।



চিত্র 2: অযত্ন করার ফলে বাষ্প দ্বারা ক্ষতি

# লিকিং বা ফ্রজেন পাইপ বা বৈদ্যুতিক দ্রব্যাদি

যদি আপনার ঘরের কোথাও লিক বা ছিদ্র হয়, তাহলে আপনার ল্যান্ডলর্ডের জরুরী মেরামত লাইনে শীঘ্রই ফোন করুন। যখন আপনি সাহায্যের জন্য অপেক্ষা করেন, তখন ছিদ্রের নীচে একটি বাকেট বা গামলা রাখুন ও কোন কার্পেট ও রাগ্‌স থাকলে তা সরিয়ে রাখুন তাহলে তা পানি পড়া থেকে নষ্ট হবে না। খবরের কাগজ ও টাওয়েল্‌স নীচে রাখুন যাতে করে কোন ড্যাম্প শুষে নিতে পারে।

যদি আপনি পারেন, তাহলে পানির মেইন সুইচ বন্ধ করুন। পানি দ্বারা চালিত যে কোন হিটার বন্ধ করুন। সকল ট্যাপ চালু করুন যাতে করে দ্রুত সিষ্টেম থেকে পানি পড়ে শেষ হয়।

## যদি বৈদ্যুতিক ফিটিংস্‌ ভিজে যায়

কোন ভেজা ইলেকট্রিক ফিটিংস স্পর্শ করবেন না। সরবরাহ পয়েন্টে বৈদ্যুতিক সুইচ বন্ধ করুন (সাধারণতঃ ফিউজ বক্সের মধ্যে থাকে) এবং আপনার ল্যান্ডলর্ডের জন্য অপেক্ষা করুন, সমস্যা সমাধান করার জন্য।

## যদি সিলিং ফুলে যায়

যদি ছাদে বা উপরের ফ্লাটে কোন লিক হয় এবং আপনার সিলিং ফোলা শুরু হয়, আপনি সিলিং পড়া বন্ধ করতে পারেন একটি বাকেট ফোলা স্থান এর নীচে রেখে এবং পাষ্টার এ একটি ছোট ছিদ্র করার মাধ্যমে যাতে পানি চলে যায়। সাবধানতার জন্য, ফোলা স্থানের নীচ থেকে ভঙ্গুর কোন কিছু সরিয়ে রাখুন।

# যখন পাইপ সমূহ ঠাণ্ডায় জমে যায়

যদি আপনার কোন ট্যাপে বা অন্য কিছুতে পানি সরবরাহ বন্ধ হয়ে যায় এবং খুব ঠাণ্ডা থাকে, তাহলে ধরে নিতে হবে যে আপনার পাইপ সমূহ ঠাণ্ডায় জমে গেছে। প্রথমে, আপনার ঘরের বাথ ট্যাপসহ সকল ট্যাপ চালু করার মাধ্যমে খুঁজে বের করুন কোন পাইপ জমে গেছে।

যদি কিচেনের সিংকের পানি বরফ হয় বা জমে যায় কিন্তু বাথরুমের সিংক কাজ করে, তাহলে আপনি জানবেন যে আপনি একটি বিচ্ছিন্ন সমস্যা মোকাবেলা করছেন এবং এর অর্থ হলো কিচেনে পানি সরবরাহ করার পাইপে বরফ জমে গেছে। যখন জানতে পারবেন কোন পাইপ বরফ হয়ে গেছে, তখন অন্যান্য সকল ট্যাপ বন্ধ করুন তবে সেটি চালু রাখুন।

তারপর, ঘরের পানি সরবরাহ বন্ধ করুন। পাইপ সমূহ গরম করার পূর্বে এটি করা গুরুত্বপূর্ণ, যেহেতু বরফের চাপে হয়ত পাইপ ইতিমধ্যে ভেঙ্গে যেতে পারে এবং আপনার ঘরে পানির বন্যা হয়ে যাক তা হয়ত আপনি চান না!

যখন পানি সরবরাহ বন্ধ করা হয়, পাইপ গরম করার আপনার কয়েকটি পন্থা আছে। একটি হলো গরম পানিতে ভেজানো টাওয়েল ব্যবহার করা। গরম পানিতে ভেজানো টাওয়েল দ্বারা জমে যাওয়া পাইপ জড়িয়ে রাখুন এবং আরও অতিরিক্ত গরম পানি ঢালুন যতক্ষন না পাইপটি পুরোপুরি গরম হয়। যদি গরম টাওয়েল পদ্ধতি কাজ না করে, তাহলে আপনার ‘হেয়ার ড্রায়ার’ দিয়ে চেষ্টা করুন। ড্রায়ারটি চালু করুন এবং জমে যাওয়া পাইপের উপরে নীচে তা উঠা-নামা করান, যখন পানি গলা শুরু হয় এবং ট্যাপের মধ্যে দিয়ে আসা শুরু হবে, তখন আপনি মেইন পানি সরবরাহের সুইচ পুনরায় চালু করতে পারেন যতক্ষন পর্যন্ত পুরো পানির চাপ আসে।

যদি আপনার ঘরের কোন ট্যাপই কাজ না করে, এটি সম্ভবতঃ হতে পারে আপনার ঘরের পানি আনার প্রধান পাইপ ফ্রজেন বা জমে গেছে। সিংকস্ ও বাথের সকল ট্যাপ চালু করুন এবং

**একটি সাবধান বাণী...**

**একটি ফ্রজেন পাইপের বরফ গলানোর জন্য কখনও একটি বো-টর্চ বা একটি লাইটার ব্যবহার করবেন না।**

প্রধান পানি সরবরাহের সুইচ বন্ধ করুন। পাইপের বরফ গলানোর উপরের পদ্ধতি অনুসরন করুন (গরম টাওয়েল বা হেয়ার ড্রায়ার) তবে তা এর পরিবর্তে ঘরে প্রবেশ করার পাইপে প্রয়োগ করুন।

কোন ফ্রজেন পাইপের বরফ গলানোর জন্য কোন সময়ই বো-টর্চ বা একটি লাইটার ব্যবহার করবেন না! এটি শুধুমাত্র খোলা আগুনের জন্য মারাত্মক বিপদই ডেকে আনবে না, একই সাথে বেশী তাপের কারণে পাইপ ফেটে যেতে পারে এবং আরও মারাত্মকভাবে পাইপের ভিতরের পানি বয়েল হয়ে যেতে পারে ও পাইপের বিস্ফোরণের কারণ হতে পারে।

যদি আপনার পাইপ একবার ফ্রজেন হয়, এটিতে আবার ফ্রজেন হওয়ার সম্ভাবনা থাকতে পারে। নিচে কিছু পরামর্শ দেওয়া হলো যাতে সকল ঋতুতে আপনার পাইপ কাজ করতে পারে।

* বাহিরের বা ভিতরের পানির পাইপ যা ঠাণ্ডা স্থানে আছে (যেমন কিচেন সিংকের নীচে) তা ইনসুলেটিং দ্রব্য দ্বারা জড়িয়ে রাখুন যেমন নিউজ পেপার বা ইলেকট্রিক হিট ট্যাপ, সকল জোড়া বা জয়েন্ট, ভাল্বস্ ও অন্যান্য কোন ফিটিংস্ কভার করার জন্য বিশেষ যত্ন নেবেন। ইলেকট্রিক হিট ট্যাপ আপনার স্থানীয় হার্ডওয়ারের দোকানে পাওয়া যায়। ট্যাপ প্রয়োগ করার সময় নির্মানকারীর নির্দেশনা অনুসরন করুন।
* দিন ও রাত উভয়ের জন্য থার্মোস্ট্যাট একই রকম একটি নির্দিষ্ট পরিমাণে রাখুন - 13°C এর কম নয়। যদি শীতের সময় কিছু দিনের জন্য আপনি বাইরে যান, হিটিং কম করে চালু রেখে যাবেন, তবে বন্ধ করবেন না।

আপনার ল্যান্ডলর্ডের জরুরী মেরামত লাইনে সর্বদা সরাসরি ফোন করার কথা মনে রাখবেন!

# রেডিয়েটররে একটি বিডিং বা বাতাস বের করা

যখন আপনার হিটিং চালু থাকে, তখন যদি আপনার রেডিয়েটর এর উপরের অংশ ঠাণ্ডা থাকে কিন্তু নীচের অংশ গরম থাকে, এর অর্থ হলো সিষ্টেমে বাতাস আটকা পড়ে আছে। রেডিয়েটরকে বিডিং করার ফলে বাতাস মুক্ত হয় এবং গরম পানি দ্বারা পুরো প্রক্রিয়াটি সম্পূর্ণ হয়।

## যদি আপনার একটি ঐতিহ্যগত বা পুরাতন মডেলের সেন্ট্রাল হিটিং সিষ্টেম থাকে...

...অ্যাটিকে বা কোন বাতাসযুক্ত কাপবোর্ডে গরম পানির ট্যাংক থাকলে, নিম্নের ধাপগুলি অনুসরণ করুন রেডিয়েটরকে বিড করার জন্য। যদি আপনার একটি কমবিনেশন বয়লার থাকে তাহলে আপনার উচিত রেডিয়েটরকে বিডিং করার পর আপনার বয়লারের প্রেসার পুনরায় পূর্ণ করা। যখন আপনি নতুন ঘরে আসবেন, তখন কিভাবে পানির প্রেসার রিফিল করবেন দেখিয়ে দেবার জন্য আপনার ল্যান্ডলর্ডকে বলুন । অন্যথায়, যখন প্রথমবার রেডিয়েটরের বিডিং করার দরকার হবে, তখন আপনার ল্যান্ডলর্ড-এর মেরামত লাইনে ফোন করুন, তবে যে ব্যক্তি সমস্যা সমাধান করতে আসবেন তাকে জিজ্ঞাসা করুন আপনাকে দেখিয়ে দেবার জন্য কিভাবে পানির প্রেসার রিফিল করতে হয়।

## লিখে রাখুন কিভাবে তা করবেন!

এই পৃষ্ঠায় আপনি মনে রাখতে পারবেন কিভাবে পরবর্তী সময় আপনি তা নিজে নিজে করবেন।

আপনার হাউজিং অফিসার বা ল্যান্ডলর্ডকে জিজ্ঞাসা করুন যদি আপনার একটি ‘কম্বিনেশন বয়লার’ বা ‘ট্রাডিশন্যাল হিটিং’ থাকে।

# রেডিয়েটর বিডিং করার পূর্বে

যদি রেডিয়েটরটি সম্পূর্ণ ঠাণ্ডা থাকে, কিন্তু হিটিং ও রেডিয়েটর সত্যি চালু থাকে, তাহলে এটি হতে পারে যে, একজন পাম্বার দ্বারা পুরো সিষ্টেমেরই পরীক্ষা করা উচিত, তাই আপনার ল্যান্ডলর্ডের মেরামত লাইনে ফোন করুন।

রেডিয়েটর বিডিং করার পূর্বে হিটিং সিষ্টেম বন্ধ করুন এবং তা ঠাণ্ডা হওয়ার জন্য অপেক্ষা করুন। এটি এইজন্য কারণ রেডিয়েটর এর ভিতরের বাতাস খুবই গরম এবং আপনাকে আহত করতে পারে।

কাজটি করার জন্য একটি বিশেষ রেডিয়েটর চাবির ব্যবস্থা করে প্রস্তুত হন। এর দাম দুই পাউন্ডের বেশী হবে না এবং অধিকাংশ DIY এবং হার্ডওয়্যার দোকানেই তা পাবেন। আপনার উচিত একটি রাগ্ বা কাপড় এবং একটি বাকেট বা গামলাও প্রস্তুত রাখা।



চিত্র 1: থার্মোস্টেট রেডিয়েটর ভাল্ভ

# রেডিয়েটর কিভাবে বিড বা বাতাস বের করবেন

রেডিয়েটর এর উপরের শেষ দিকে একটি ছোট চারকোণাকৃতির নাট হলো বিড ভাল্ব। চাবিটি ভাল্বের উপর রাখুন এবং এর চারদিকে একটি কাপড় রাখুন কোন পানি শুষে নেয়ার জন্য। পানি হয়ত ময়লা হতে পারে, তাই এটি আপনার কাপড় ও কার্পেটকে মরিচা থেকে রক্ষা করবে । হাল্‌কা করে চাবিটি ঘড়ির বিপরীত দিকে ঘোরান যতক্ষন পর্যন্ত একটি হিস্‌ শব্দ না শোনেন- এটিতে বুঝা যায় বাতাস মুক্ত হলো। পুরোপুরি ভাল্বটি খুলবেন না, যেহেতু পাগটি পুরোপুরি বাহির হয়ে যেতে পারে। সকল বাতাস বাহির হতে দিন। যখন পানি বাহির হওয়া শুরু হবে, তখন চাবিটি পুনরায় ঘড়ির কাঁটার অনুরুপ দিকে ঘুরিয়ে ভাল্বটি বন্ধ করুন।

আপনি দেখবেন যে পরবর্তীতে রেডিয়েটর সর্বত্র গরম হবে, যখন আপনি পরবর্তীতে হিটিংটি চালু করবেন। যদি তা না হয়, তাহলে আপনার ল্যান্ডলর্ডকে ডাকুন।



চিত্র 2: রডিয়েটর এর বিডিং

# বিদ্যুত বা পাওয়ার চলে গেলে


যদি হঠাৎ আপনার বিদ্যুত চলে যায়, নিম্নলিখিত পরীক্ষা করুন :

## ফিউজ বা ট্রিপ কোথায় তা জানা

কনস্যুমার ইউনিট বা ফিউজ বক্স কোথায় তা পরীক্ষা করুন; এটিতে ফিউজেস বা ট্রিপ সুইচ সমূহ থাকবে।

আধুনিক ইলেকট্রিক সার্কিটগুলি (চিত্র 1) একটি সার্কিট ব্রেকার ফিউজ সিষ্টেমের দ্বারা স্থাপিত থাকে। যদি কোন ত্রুটি ধরা পড়ে তাহলে একটি সুইচ পড়ে যায় এবং সার্কিট ভেঙ্গে যায়।




চিত্র 1: ট্রিপ সুইচসহ ফিউজ বক্স

পুরাতন ফিউজ বক্স সমূহে ফিউজ হোল্ডার থাকে এবং যখন ফিউজ বিস্ফোরিত হয় তখন হয় এটি পুনঃ স্থাপন করতে হয় বা বিশেষ সার্কিট ফিউজ দ্বারা পুনরায় লাগাতে হয়। পুরাতন মডেলের ফিউজ বক্স সমূহ এখন আর সচরাচর দেখা যায় না, তবে যদি আপনার তা থেকে থাকে তাহলে পরামর্শ হলো আপনি তা ঠিক করার চেষ্টা করবেন না-আপনার ল্যান্ডলর্ডের জরুরী মেরামত লাইনে ফোন করুন।

## একটি ট্রিপ্‌ড সুইচ ঠিক করা

কনস্যুমার ইউনিট বা ফিউজ বক্স সাধারণতঃ বিদ্যুত মিটারের নিকট থাকে। স্যুইচগুলি দেখার জন্য ইউনিটের কভার খুলুন। দেখুন কোন স্যুইচ নেমে গিয়ে বন্ধ অবস্থায় অবস্থায় আছে কিনা এবং তা আবার পুনরায় যথাস্থানে রাখুন। যদি 'ট্রিপিং' আবার ঘটে তার অর্থ হলো আপনার হয়ত ত্রুটিযুক্ত সামগ্রী আছে । আপনার উচিত খুঁজে বের করা কোন কোন যন্ত্রপাতিটি সমস্যা সৃষ্টি করছে, তাই ঘরের ভিতরে চারদিকে ঘুরে ফিরে দেখুন এখন কোন লাইট কি কাজ করছে না যার জন্য স্যুইচ পড়ে যাচ্ছে। ঐ সার্কিটের সকল যন্ত্রপাতির পাগ খুলে ফেলুন (যেমন লাইটের নিকটে বা একই কক্ষের) এবং ইমারশন হিটারের সুইচ বন্ধ করুন যদি আপনার তা থাকে। 'ট্রিপ্‌ড' সুইচকে চালু পজিশনে রাখুন এবং যন্ত্রপাতিগুলি একের পর এক পাগে দিন যতক্ষন পর্যন্ত ট্রিপ আবার নেমে যায়। সেই শেষের যন্ত্রপাতিটি পাগে দেবেন না এবং পুনরায় সুইচ চালু করুন।

যদি কোন যন্ত্রপাতি সার্কিট ট্রিপের কারণ হয়, তাহলে এর কোন সমস্যা আছে, তাই এটি কোন ইলেকট্রিশিয়ান কর্তৃক পরীক্ষা করান। যদি তা তখনও ওয়ারেন্টীর মধ্যে থাকে, যে দোকান থেকে তা কিনেছেন সেই দোকানে তা নিয়ে যান।

## কি কারণে বক্সের ফিউজ 'ট্রিপ' বা 'বিস্ফোরিত' হয়

* একটি ত্রুটিযুক্ত বা অপব্যবহারকারী যন্ত্রপাতি।
* একটি অতিরিক্ত লোডকৃত সার্কিট, যেমন একই সময়ে অনেকগুলি যন্ত্রপাতি ব্যবহৃত হলে।
* একটি অতিরিক্ত পূরণকৃত কেটলী
* জ্বলে যাওয়া বা ভাঙ্গা কুকার রিং
* একটি ত্রুটি যুক্ত ইমারশন হিটার
* যন্ত্রপাতিতে ত্রুটি যুক্ত তারের সংযোগ যেমন একটি টিভি বা মিউজিক সিষ্টেমে।
* লাইট বাল্বস্ বিস্ফোরিত হলে

## একটি সাবধান বাণী...

* কোন ইলেকট্রিসিটি কোম্পানীর ফিউজ বক্স ও সীল কখনও পরিবর্তন করবেননা, 'ট্রিপড্' বা পড়ে যাওয়া সুইচ আবার স্থাপন করা ছাড়া।
* নিরাপদভাবে করতে পারার 100% আত্মবিশ্বাস না থাকলে এই বিষয়ে কোন পদক্ষেপ নেবেন না।
* যদি আপনার কোন সমস্যা হয়, তাহলে আপনার ল্যান্ডলর্ডের জরুরী মেরামত লাইনে ফোন করুন।
* ভাঙ্গা পাগ দ্বারা বা ছেঁড়া বা ভিতরের তার দেখা যায় এমন তার দ্বারা কোন যন্ত্রপাতি ব্যবহার করবেন না- এগুলি থেকে আপনি ইলেকট্রিক শক্ পেতে পারেন এবং তা আপনার ফিউজ বিস্ফোরণ ঘটাতে পারে।

# সিংক বা বাথের বকেজ বা জ্যাম পরিষ্কার করা

একটি উপযোগী গামলাতে সকল পানি সরান। 'ওভারফ্লো' এর খোলা স্থানে একটি কাপড়ের টুকরা গুঁজে রাখুন, এবং পানি যাবার ছিদ্রে একটি পাঞ্জার রাখুন (চিত্র 1)। নিশ্চিত করুন পাঞ্জারটির চার পার্শ্বে যাতে ছিদ্রের মধ্যে কিছু যেতে না পারে। ঘন ঘন প-াঞ্জারটি উঠা নামা করার মাধ্যমে পাম্প করুন। অধিকাংশ উওণ দোকানে পাঞ্জার পাবেন এবং তা অপেক্ষাকৃত সস্তা।



*চিত্র 1: সিংকে পাঞ্জিং*

## একটি সিংক বা বাথের 'ইউ' বেন্ডে জমে থাকা আবর্জনা পরিষ্কার করা

প্রথমে একটি উপযোগী গামলাতে সকল পানি সরান। ইউ বেন্ডের নীচে একটি গামলা রাখুন এবং জয়েন্টটি খুলুন। ভালোভাবে পরিষ্কার করুন এবং পুনরায় লাগিয়ে রাখুন, পরীক্ষা করুন যাতে সীলগুলি নির্দিষ্ট স্থানে থাকে এবং সকল জয়েন্টগুলির স্ক্রু যাতে টাইট বা শক্ত থাকে।



চিত্র 1: সিংকের ময়লা পানির ট্র্যাপ বা ইউ- বেন্ড

## একটি বকড্ বা জ্যাম টয়লেট পরিষ্কার করা

যদি প্যানটি ইতিমধ্যে ভর্তি থাকে তাহলে একটি উপযোগী গামলাতে সকল পানি সরান। টয়লেট ব্রাশ বা পাঞ্জারটি প্যানের ভিতরের তলার শেষ অব্দি ধাক্কা দিন এবং প্রায় দশ বার উপর নীচ করে দ্রুত পাম্প করুন। এর ফলে একটি শূন্যতা ও চাপ সৃষ্টি হয়, যা হয়ত বকেজ বা জ্যাম খুলতে সহায়তা করতে পারে। টয়লেট ফ্লাশিং করার

মাধ্যমে পরীক্ষা করুন যে বকেজটি ঠিক হয়েছে কিনা। আপনাকে হয়ত প্রক্রিয়াটি অনেকবার করতে হতে পারে, টয়লেট স্বাভাবিকভাবে ফ্লাশ করার পূর্বে। ধাতব ডিস্ক সম্পন্ন একটি পাঞ্জার ব্যবহার করবেন না, যেহেতু এটি হয়ত লেগে থাকতে পারে বা টয়লেটের গামলা ভেঙ্গে ফেলতে পারে।



চিত্র 2: টয়লেটে পাঞ্জিং

## বকেজ বা জ্যাম এড়িয়ে চলা


আপনার ঘরের সাথে যুক্ত ড্রেনটি শুধুমাত্র ময়লা পানি, টয়লেট টিস্যু এবং মানব বর্জ্য সরিয়ে নেয়ার জন্য ডিজাইন করা হয়েছে। অন্য কোন কিছু বিনে ফেলা উচিত নয়। টয়লেটের রিমের সাথে যুক্ত 'এয়ার ফ্রেশনার্স' যা নিরাপদে বাধা থাকে, যাতে নিশ্চিত করা হয় তা যাতে পড়ে না গিয়ে বকেজের কারণ হয়। স্যানিটারী দ্রব্যাদি কখনও টয়লেটে ফেলবেন না, এইগুলি পানির সাথে মিশে যায় ও ড্রেনে ফুলে উঠে ও প্রধান আবর্জনার পাইপের বকেজের কারণ হতে পারে, একই সাথে আপনার ঘরের সাথে যুক্ত পাইপেও। টয়লেটে কি কি দ্রব্য ফেলা উচিত ও উচিত নয় সে ব্যাপারে জানার জন্য www.thameswater.co.uk পরিদর্শন করুন।

## অতিরিক্ত পানি উপচে পড়া

যদি টয়লেট সিষ্টার্ণে অতিরিক্ত পানির চাপ বা ওভারফ্লো হয়, যেমন যদি সিষ্টার্ণ থেকে ক্রমাগত পানি টয়লেটে পড়তে থাকে,তাহলে আপনার হয়ত একটি নতুন ভাল্ব দরকার। আপনার ল্যান্ডলর্ডকে ফোন করুন এটি ঠিক করার জন্য।

# লাইট বাল্ব পরিবর্তন করা

* বাল্ব পরিবর্তন করার পূর্বে ল্যাম্প বা লাইটের সুইচ বন্ধ করুন এবং সকেট থেকে পাগও খুলে রাখুন।
* ফিউজ বক্সের বিদ্যুত বন্ধ করুন একই সাথে সুইচ। এর ফলে বৈদ্যুতিক শক থেকে আপনি রক্ষা পাবেন, যদি ওয়ারিং ভুল ভাবে বা ক্রুটিপূর্ণভাবে করা হয়ে থাকে।
* যদি কিছুক্ষণ যাবত বাল্ব এর সুইচ চালু থাকে তবে বাল্বটি গরম থাকতে পারে- প্রথমে এটিকে ঠাণ্ডা হতে দিন।
* পরীক্ষা করে দেখুন কি ধরনের বাল্ব ফিটিং আপনার আছে - এটি কি একটি স্ক্রু বা বেয়নেট নির্ভর? বেয়নেট হলো সবচেয়ে সাধারণ। যদি তা বেয়নেট হয়, তাহলে বাল্ব ফিটিং (সামান্য অংশ স্ক্রু করতে হয়) যার দুইটি 'খ্ আকৃতি অংশ ফিটিং এর শেষে লাগাতে হয় (চিত্র 1)।



চিত্র 1: বয়নেট ফিটিং 'L' আকৃতির নচেস্

* নিশ্চিত করুন ফিটিং করার জন্য আপনার সঠিক বাল্ব আছে।
* যদি এটি বেয়নেট ভিত্তিক বাল্ব হয় (চিত্র 2), তাহলে বাল্বটি হালকা করে ভালোভাবে ধরুন এবং ধাক্কা দিন ও ঘড়ির কাটার বিপরীতে ঘুরান একই সময়ে যতক্ষণ না কোণা থেকে যুক্ত হয়। পরিবর্তন করার জন্য বাল্বটি ফিটিং এর মধ্যে পিনের সাহায্যে ভিতরে ঢুকান এবং উপরে ধাক্কা দিন ও ঘড়ির কাটার দিকে ঘুরান যতক্ষণ পর্যন্ত না পিনটি 'খ্র এর মতো হয়।
* যদি তা স্ক্রু-ভিত্তিক হয় (চিত্র 2), বাল্বটি হাল্‌কা করে ভালোভাবে ধরুন এবং ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘোরান যতক্ষণ না এটি সকেট থেকে খুলে আসে। পরিবর্তন করার জন্য, সহজে সকেটে ঢোকান এবং ঘড়ির কাঁটার দিকে ঘোরান।
* ব্যবহৃত বাল্ব নিরাপদে নষ্ট করুন বা ফেলে দিন।



চিত্র 2: পিনসহ বেয়নেট ভাল্ব (বামে);
স্ক্রু'-নির্ভর ভাল্ব (ডানে)

# আগুন থেকে নিরাপত্তা

আমরা আশাকরি যে, আপনি নিজের ঘরে নিজে আগুন দেবেন না, আমরা মনে করি আপনার কিছু বাস্তব ঘটনা ও পরিসংখ্যান মনে রাখা উচিত যাতে করে জানতে পারবেন কিভাবে আগুন শুরু হয় এবং কিভাবে তা প্রতিরোধ করবেন, এবং খুব গুরুত্বপূর্ণভাবে আমরা চাই আপনি নিম্নলিখিত পরামর্শগুলি গ্রহণ করুন।

## একটি স্মোক এলার্ম লাগান !

অনেক লোকজন যারা আগুনে পুড়ে মারা গিয়েছেন, প্রকৃতপক্ষে তারা ধূয়া ও ধূমায়িত বাষ্প থেকে মারা যান-আগুনের লেলিহান শিখায় না মারা যেয়ে। একটি কার্যকরী স্মোক অ্যালার্ম আপনাকে আগুন সম্পর্কে সতর্ক করবে এবং লেলিহান শিখা জ্বলার পূর্বে আপনি যাতে বের হতে পারেন সেজন্য সাহায্য করবে।




চিত্র 1: একটি স্মোক এলার্ম নিন

লন্ডন ফায়ার ব্রিগেড সকল লন্ডনবাসীকে একটি ফ্রি 'হোম ফায়ার সেফ্‌টি ভিজিট' অফার করে। তারা আপনার ঘরে আসবে, আপনার সাথে ফায়ার সেফটি আলোচনা করবে এবং একটি স্মোক অ্যালার্ম স্থাপন করবে, সবই ফ্রি। যদি আপনার একটি স্মোক অ্যালার্ম না থাকে, আজই তাদেরকে ফোন করুন।

স্মোক অ্যালার্ম স্থাপন করা সহজ, যদি আপনি নিজে করতে চান। এগুলি সস্তা-প্রায় £5 এবং অধিকাংশ সুপার মার্কেটে, DIY দোকানে এবং ইলেকট্রিক্যাল দ্রব্যাদির দোকানে পাওয়া যায়।

## ফ্যাক্টস্ এবং ফিগার্স বা পরিসংখ্যান

* লন্ডনের 40 শতাংশ মৃত্যুই ঘরে সিগারেট, সিগার বা টোব্যাকো থেকে শুরু হওয়া আগুন থেকে ঘটে, যা অযত্নভাবে জ্বলন্ত অবস্থায় ফেলে রাখার ফলে হয়।
* দুর্ঘটনাজনিত 60 শতাংশ মৃত্যুই রান্নাঘর থেকে শুরু হয়।
* সকল মৃত্যুর প্রায় অর্ধেকই যা ঘরে আগুন থেকে হয় তা ঘটে রাত 10 টা থেকে সকাল ৮টার মধ্যে।

কিভাবে একটি স্মোক অ্যালার্ম স্থাপন করবেন, কিভাবে একটি ফায়ার সেফ্‌টি ভিজিট বুক করবেন এবং ঘরে আগুন প্রতিরোধ সম্পর্কে আরও তথ্য পেতে হলে লন্ডন ফায়ার ব্রিগেডের ওয়েবসাইট www.london-fire.gov.uk পরিদর্শন করুন।

# রং করা ও সজ্জিত করা

আপনার নতুন বাসা বা বাড়ী সাজানো একটি আমোদপ্রিয়, আনন্দঘন বিষয় হতে পারে, এটি এমন একটি মূহুর্ত যখন আপনি আপনার বাসা আপনার মনের মত করে সাজাতে পারবেন।

আপনি তা করার পূর্বে, সামান্য সময় নিয়ে আপনার ল্যান্ডলর্ডকে সৌজন্যতার জন্য একটি ফোন করুন, জিজ্ঞাসা করে দেখুন যে এটি ঠিক আছে কিনা। এটি হয়ত কিছুটা চিন্তার বিষয় হতে পারে জানা যে, আপনি সকল কিছু রং করা হয়ত তিনি পছন্দ করেন না এবং ফলে হয়ত আবার পুনরায় সবকিছু আগের মত করতে হতে পারে। অধিকাংশ ল্যান্ডলর্ডই এই বিষয়ে যুক্তিসঙ্গত, যদি না আপনি ঘরটিতে কালো রং লাগান! এবং সকল দেওয়াল ও উপরিভাগ রং করার পূর্বে ধুয়ে নিন। নোংরা স্থানে রং লাগে না -এটি উঠে যেতে পারে, এবং আপনি নিশ্চয় চাইবেন না দুইবার রং লাগান। সবকিছু ভালোভাবে শুকাতে দিন, রং করা শুরুর পূর্বে।

## সঠিক রং ও পেইন্ট পছন্দ করা

### সিলিংস

সিলিংস এ সাদা ও অফ-হোয়াইট রং করা স্বাভাবিক, কারণ এতে সিলিংকে উঁচু দেখায় এবং কক্ষকে অধিক খোলামেলা মনে হয়। অন্ধকার রং এমন পরিস্থিতির সৃষ্টি করে যাতে মনে হয় সিলিংস নীচু।

যদিও এটি দেখতে ভালো দেখায় যদি সিলিং বিশেষ করে উঁচু থাকে।

### দেয়াল

উপরের মত একই কারণে শক্ত, কটকটে রং যেমন লাল, কমলা এবং হলুদ সাধারণতঃ কোন স্থানকে ছোট দেখায়, যেখানে অন্ধকার রং কক্ষকে ভীতিজনক মনে হতে পারে। সবচেয়ে ভালো ছোট কক্ষে সাদা বা হাল্‌কা রং লাগানো, নিরপেক্ষ রং, যেমন ম্যাগনোলিয়া, ওটমিল বা ক্রিম, যাতে কক্ষগুলি দেখতে বড় লাগে।

## আপনার বাথরুম ও কিচেনে রং করা

যদি বিশেষ করে আপনার বাথরুম ড্যাম্প হয়, তাহলে আপনার হয়ত একটি বিশেষ বাথরুম পেইন্টের দরকার যা ছত্রাক তৈরী হতে দেবে না। তবে যদি আপনি আপনার বাথরুমে পর্যাপ্ত বাতাস আসা যাওয়া করতে দিতে চান (আপনি কি 'বাষ্প বা ড্যাম্প' সেকশন পড়েছেন ?) তাহলে সাধারণ ইমালশন দেওয়ায় আপনি ভালো বোধ করতে পারেন। আপনার বিশেষ কিচেন পেইন্টও দরকার, যাতে অধিক 'উজ্জলতা' থাকে, তাহলে মোছার মাধ্যমে পরিষ্কার করা সহজ হবে এবং বাতাসে অধিক আদ্রতা থাকলে তা মোকাবিলা করতে পারবে। আপনার স্থানীয় DIY দোকানে জিজ্ঞাসা করুন সবচেয়ে ভালো কোনটি।

## বিভিন্ন রকমের পেইন্ট

* ইমালশন পেইন্ট হলো দেওয়ালের জন্য এবং 'ম্যাট' বা 'সিল্ক' যা ফিনিশসহ আসে।
* 'ম্যাট' পেইন্টে কোন চাকচিক্য নাই, যা সামান্য ত্রুটিযুক্ত স্থান লুকাতে সহায়তা করে, যেমন-অসমতল দেওয়াল (পুরাতন ঘরবাড়ীতে যা খুবই সাধারণ)।
* সিল্কে অধিক 'উজ্জলতা' থাকে এবং তা পরিষ্কার করা সহজ-দেয়ালের জন্য ভালো যেখানে আঠালো হাত লাগতে পারে!
* 'গস' পেইন্ট চাকচিক্যময়, অধিক পিচ্ছিল ও পরিষ্কার করা সহজ, তাই এটি দরজা ও ট্রিমের জন্য সঠিক (যেমন স্কার্টিং বোর্ড এবং দরজার ফ্রেম)!
* 'এগশেল', সাটিন বা 'সেমি-গস'ও হলো কাঠের কাজের জন্য ভালো-এইগুলি পরিষ্কার করা সহজ এবং 'ম্যাট' পেইন্টের চেয়ে অধিক পিচ্ছিল এবং এতে সামান্য 'উজ্জলতা' আছে, তাই স্থাপত্য বিষয়গুলো বেশী চোখে পড়ে।

# আপনার বাড়ীতে রং করার জন্য প্রস্তুত হওয়া

## পরামর্শ 1

শুরু করার পূর্বে নিশ্চিত করুন যে আপনার নিম্নের প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি আছে :

* অসমতল স্থানগুলিকে সমতল করার জন্য স্যান্ডপেপার বা 'শিরিশ কাগজ' ব্যবহার করুন।
* ঘষা মাজা করার সময় ধুলো-বালি না পড়ার জন্য মুখোশ ব্যবহার করুন ও চোখের জন্য রক্ষামূলক দ্রব্য পরিধান করুন।
* স্পাটার ও স্পিল মোছার জন্য পরিষ্কার রাগ্‌স ।
* মাস্কিং ট্যাপ যাতে করে দূর্ঘটনাজনিত রং এর চিহ্ন ফিটিংস এ না লাগে।
* ফ্লোর ও ফার্ণিচার রক্ষা করতে প্লাষ্টিক শীট্‌স।
* পুরাতন, উপড়ে উঠা রং তোলার জন্য স্ক্রাপার।
* দেওয়ালে যে কোন ছোট ছিদ্রের জন্য ফিলার ও ফিলিং চাকু।
* ব্রাশ (ও রোলার ও একটি পেইন্ট ট্রে যদি আপনি রোলিং করে পেইন্ট লাগাতে চান)। বিভিন্ন স্থানে ও জিনিসে ব্যবহার করার জন্য বিভিন্ন রকমের অনেক ধরনের ব্রাশ পাওয়া যায় ; যেখান থেকে আপনার দ্রব্যাদি কিনবেন সেই স্টোরে জিজ্ঞাসা করুন।
* দেওয়াল ও সিলিং ধোয়ার জন্য স্পঞ্জ ও স্কুয়িজি মপ।
* ব্রাশ ও রোলার শুষে নেয়ার গামলা, কাজের শেষে ব্যবহারের জন্য।
* রোলার লাগাবার জন্য লম্বা লাঠি, যাতে উঁচু স্থানে রং দিতে পারেন।
* উঁচু স্থানে রং দেবার জন্য মই বা ল্যাডার (ব্যবহার করার পূর্বে পরীক্ষা করুন, এটি নিরাপদ ও ঠিক আছে কিনা, আপনি নিশ্চয় পড়ে যেতে চান না )।
* পরিধানের জন্য আরামদায়ক পুরাতন কাপড়!

### পরামর্শ 2

যে ঘরে আপনি রং করছেন সে ঘর থেকে যতটুকু সম্ভব মালপত্র সরিয়ে রাখুন।

### পরামর্শ 3

অন্য সকল স্থান প্লাষ্টিক শীট দিয়ে ঢেকে রাখুন।

### পরামর্শ 4

ভাঙ্গা ও অসমতল স্থানকে সঠিক ‘ফিলার’ দিয়ে ঠিক করুন। www.polycell.co.uk পরিদর্শন করুন। যদি ফিলারটি শুকনো থাকে, তখন শিরিশ কাগজ দিয়ে তা ঘষুন যাতে মসৃণ হয়। কোন ময়লা মুছে ফেলুন বা হাল্কা করে ধুয়ে ফেলুন, এটিকে শুকাতে দিন ও রং করুন !

### পরামর্শ 5

লাইটের সুইচ, বৈদ্যুতিক সকেট, জানালার ফ্রেম ও কাঠের কাজের চারপার্শ্বে মাস্কিং ট্যাপ লাগান, রং-এর আচড় থেকে রক্ষা পাওয়ার জন্য।

## শুরু করা

* সবচেয়ে ভালো হলো সিলিং থেকে শুরু করা, তারপর দেওয়াল পেইন্ট করুন, তারপর দরজার কাঠের কাজ ও জানালা, তারপর কর্ণার সমূহ এবং সবশেষে স্কার্টিং। এইভাবে করলে, উপরের থেকে রং এর আচড় আপনার করা কাজকে নষ্ট করবে না।
* প্রথমে কঠিন স্থানগুলি রং করুন-যেমন কোনা ও পার্শ্বের মুড়িগুলো।
* উপরে নীচে বা বাম থেকে ডানে রং করুন, নির্ভর করে আপনার জন্য কোনটি ভালো হয়।
* সর্বদা দুই বা ততোধিকবার রং লাগান। প্রথমবার রং করা পূর্ণ করুন এবং শুকাতে দিন, দ্বিতীয়বার করার পূর্বে। রং এর টিনে লেখা থাকবে একবার রং করার পর কতক্ষণ তা রাখতে হবে, তবে সাধারণতঃ একদিন বা কিছু সময়।

## প্রধান পরামর্শ

* সুনির্দিষ্ট নির্দেশিকা ও পরামর্শের জন্য সর্বদা আপনার পেইন্ট ক্যানের লেবেল যত্ন সহকারে পড়ুন।
* ব্যবহারের পূর্বে সর্বদা রং ভালোভাবে নাড়ুন। নিশ্চিত করুন যে ক্যানের নীচে পড়ে থাকা জমানো তলানী যাতে পুরোপুরি নাড়ানো হয়, যতক্ষণ না সকল পেইন্ট এর রং একই রকম হয়।
* ব্রাশ সমুহের নীচের তিন অংশ পেইন্টে ডুবান। শান্তভাবে অতিরিক্ত রং পেইন্টের ক্যানের পার্শ্বে মুছে রাখুন। ব্রাশে বেশী রং লাগাবেন না, তা না হলে ফোঁটা ফোঁটা পড়বে-ভালো কার্যকর হবে না!
* সর্বদা পেইন্টের ব্রাশগুলি দ্রুত পরিষ্কার করুন; যখন পেইন্ট ভেজা থাকে তখন তা পরিষ্কার করা সহজ হয়, এবং ব্যবহারের পর সর্বদা সকল যন্ত্রপাতি শীঘ্রই ধুয়ে ফেলবেন। ইমালশন পেইন্টের জন্য, পানি ব্যবহার করুন। তৈলাক্ত রং এর জন্য সাদা স্পিরিট ব্যবহার করুন বা সেলুলোজ থিনার ব্যবহার করুন।
* অতিরিক্ত পেইন্ট ড্রেনে ফেলবেন না, যেহেতু তা পরিবেশের জন্য ক্ষতিকর এবং আপনার ড্রেনের ক্ষতি করতে পারে। যদি আপনার কিছু পেইন্ট রয়ে যায় তা একটি নিউজ পেপারে ঢালুন , এটিকে শুকাতে দিন এবং তারপর তা ডাষ্টবিনে ফেলুন, আপনার স্বাভাবিক আবর্জনার সাথে। যদি বেশী রয়ে যায়, হয় তা যত্ন সহকারে মজুত রাখুন যদি পরবর্তীতে আপনার দরকার হয়, নতুবা এটিকে নিকটস্থ কমিউনিটি রি-সাইক্লিং সেন্টারে নিয়ে যান (আপনার স্থানীয় কাউন্সিলের ওয়েব সাইটে বিস্তারিত পাবেন)।

# মেরামতের জন্য বা DIY এর জন্য আরও তথ্য পেতে হলে:

* আপনার ল্যান্ডলর্ডের সাথে যোগাযোগ করুন ;
* আপনার টেনান্ট্স হ্যান্ডবুক দেখুন, যার মধ্যে মেরামত চিহ্নিত করা ও রিপোর্ট করার তথ্য পাবেন।
* নিম্নলিখিত ওয়েবসাইট দেখুন:
  - www.bbc.co.uk/homes/diy
  - www.channel4.com/4homes/diy-self-build
  - www.diyfixit.co.uk
  - www.housetohome.co.uk
  - www.lets-do-diy.com





# ৬. পরবর্তীতে কি ?

ঠিক আছে, আপনি বাড়ীতে এসেছেন, প্যাকেটগুলি খুলেছেন, আপনি একটি বা দুইটি দেওয়ালে রং দিয়েছেন এবং বাড়ীটি এখন আপনার নিজের বাড়ীর মতো দেখতে মনে হচ্ছে! এটি সুখবর।

পরবর্তী পর্যায় হলো, যদিও, আপনার এদিক সেদিক ঘোরাফেরা করা। আপনার নিজের কমিউনিটিতে জীবন গঠন করা আপনার ঘরের মতোই গুরুত্বপূর্ণ, এবং সেক্ষেত্রে নতুন এলাকায় যাওয়া খুবই আনন্দের, এটি সামান্য ভীতিজনকও হতে পারে।

আপনি হয়ত ভাবতে পারেন কিভাবে বন্ধুত্ব তৈরী করা যায়, কে আপনাকে বাচ্চাদেরকে রাখতে সাহায্য করবেন, বা সেখানে আপনার জন্য আর কি কি সুবিধা আছে। এখন সময় হলো আপনার স্থানীয় কমিউনিটির সাথে মেলামেশা করা ও দেখা কি কি আছে, এবং নিম্নে অর্ধ ডজন পন্থা আছে কিভাবে আপনি শুরু করবেন সে বিষয়ে। আনন্দ করুন!

# লাইব্রেরী

শুরু করার সবচেয়ে ভালো স্থান হলো স্থানীয় লাইব্রেরী। সকল লাইব্রেরীতে একটি কমিউনিটি নোটিশ বোর্ড আছে যেখানে সকল রকমের স্থানীয় বিষয়াদির বিজ্ঞাপন দেওয়া হয়, মা ও ছোট শিশুর গ্রুপ থেকে শুরু করে ইয়োগা ক্লাশ পর্যন্ত, সস্তায় সিনেমা দেখা, স্পোর্টস্ ক্লাব সমূহ ও ফেইথ গ্রুপ। আপনি সেখানে বিনামূল্যে ইন্টারনেটও ব্যবহার করতে পারবেন, সুতরাং সেখানে প্রথমে যাওয়ার ব্যবস্থা করুন।

# ধর্ম

যদি আপনি ধার্মিক হন, তাহলে চারদিকে ঘোরাফেরা করুন এবং নিকটস্থ প্রার্থনা করার স্থান খুঁজুন। সময়সূচি নোট করুন এবং নিশ্চিত করুন যত তাড়াতাড়ি সম্ভব সেখানে যাওয়ার জন্য। বিশ্বাসী গ্রুপের অংশ হিসাবে আপনাকে নতুন স্থানে সেটেল হতে ও সমমনের বন্ধু-বান্ধব খুঁজে পেতে সত্যি সাহায্য করবে।

# অবসর বিনোদন কেন্দ্র ও সুইমিং পুল

কাউন্সিলের বিনোদন কেন্দ্রগুলো প্রাইভেট জিম থেকে অনেক সস্তা, এবং অধিকাংশগুলো এমনকি অনেক সস্তা হয় যদি আপনি অফ-পিক সময়ে যান। স্থানীয় সুইমিং পুলগুলো সাধারণতঃ অফ-পিক কার্যক্রম অফার করে, একই সাথে মা ও শিশু সুইম। আপনার এলাকায় সুযোগ সুবিধাগুলি সম্পর্কে খোঁজ খবর জানার জন্য আপনার স্থানীয় কাউন্সিলের ওয়েব সাইট পরিদর্শন করুন।

# রাতের ক্লাশ সমূহ

আপনার নিকটস্থ 'ফার্দার এডুকেশন ও অ্যাডাল্ট লার্ণিং' কলেজে কেন একটি রাতের ক্লাশে যোগ দিচ্ছেন না ? এটি তুলনামূলক সস্তা এবং বেনিফিটে থাকা ছাত্রছাত্রীদের জন্য অনেক হ্রাসকৃত মূল্যে অফার আছে। কোর্সের জন্য আপনি ঘরের বাইরে যাবার সুযোগ পাবেন। একটি নতুন দক্ষতা শিখবেন (যা আপনার ক্যারিয়ারকে এগিয়ে নিয়ে যেতে পারবে) এবং নতুন বন্ধু-বান্ধব তৈরী করতে পারবেন।

## ভলান্টারীং বা স্বেচ্ছাসেবী

সকল বরোর একটি চমৎকার ভলান্টারী সেক্টর আছে, এবং আপনি হয়ত সিদ্ধান্ত নিতে পারেন আপনার অভিজ্ঞতা ব্যবহার করে অন্যদেরকে সাহায্য করার জন্য তৈরী হতে। আপনার এলাকায় কোন কোন চ্যারিটি পরিচালিত হয় তা জানার জন্য আপনার স্থানীয় কাউন্সিলের ওয়েবসাইট দেখুন।

## কমিউনিটি সেন্টার সমূহ বা অ্যাসোসিয়েশন সমূহ

এই স্থানগুলি সস্তায় বা বিনামূল্যে বিভিন্ন রকমের কর্মকান্ড অফার করে, সুইমিং থেকে শুরু করে বইয়ের গ্রুপ ও আর্ট প্রজেক্ট থেকে শুরু করে নাচের ক্লাশ। আপনার বরোতে 'কমিউনিটি সেন্টার' লিখে গুগল করুন, বা আরও তথ্যের জন্য আপনার কাউন্সিলের ওয়েবসাইট দেখুন।

## নিম্নমুখী অনুভব করা

এমন সময় আসতে পারে যখন আপনি নিম্নমুখী বা একাকী বোধ করতে পারেন, আপনার নতুন বাড়ী পছন্দ করলেও ; বন্ধু-বান্ধব তৈরী করতে হয়ত স্বাভাবিকের চেয়ে বেশী সময় লাগতে পারে, অথবা সম্ভবতঃ আপনি অর্থের জন্য ভীত।

নিশ্চিত করুন, কি কি ধরনের সাপোর্ট গ্রুপ ও এজেন্সী আপনার এলাকায় আছে তা যাতে আপনি অগ্রিম খুঁজে দেখেন। কিছু কিছু সাপোর্ট সার্ভিসের তালিকা পরিশিষ্ট C তে আছে। তবে আপনি অন্যান্যগুলির বিস্তারিত তথ্য আপনার স্থানীয় কাউন্সিলের ওয়েব সাইটে পাবেন।

আপনার নতুন ঘরে বসবাস করা শুভ হোক !

# 7. পরিশিষ্ট সমূহ

# পরিশিষ্ট A:

## নতুন ঘরে আসার যাচাইতালিকা(চেকলিষ্ট)

অধিকাংশ ফ্ল্যাটই আসবাবপত্র বা জিনিসপত্র ছাড়া থাকে। এই যাচাইতালিকা(চেকলিষ্ট) আপনাকে একটি ধারণা দেবে আপনার জন্য কি কি প্রয়োজন। কিছুটা গবেষণা করুন এবং ডানদিকে খরচের কলাম পূরণ করুন এবং তখন আপনার কিছু ধারণা হবে সবকিছু করতে কত অর্থ আপনার লাগবে।

| দ্রব্য | দাম (£) |
|---|---|
| কার্পেট | |
| ম্যাট্রেস | |
| বেড ফ্রেম | |
| বেডিং | |
| কুকার | |
| ফ্রিজ | |
| কেটলী | |
| বাথ টাওয়েল্‌স | |
| হ্যান্ড টাওয়েল্‌স | |
| লাইট বাল্বস্‌ | |
| টেবিল | |
| চেয়ার | |
| ওয়ার্ডরোব | |
| চেষ্ট অফ ড্রয়ার্‌স | |
| কাটলারী (চাকু/কাটা চামিচ/চামিচ) | |
| বোতল করার যন্ত্র | |
| টিন খোলার যন্ত্র | |
| রান্নাঘরের চাকু | |
| ক্রোকারী | |
| টি টাওয়েল্‌স | |
| পরিষ্কার করার জিনিসপত্র | |
| মপ/বাকেট/ব্রুম | |
| ডাষ্টপ্যান এবং ব্রাশ | |
| টিভি | |
| রেডিও | |
| টুল কিট | |
| অন্যান্য | |
| **মোট** | |

# পরিশিষ্ট B:
# বাজেটিং

পরিশিষ্ট অ এর টেবিল পূরণ করার পর এবং হিসাব করার পর জানবেন যে নতুন বাড়ীতে আসতে আপনার কত খরচ হবে, অর্থ জমানো শুরু করা গুরুত্বপূর্ণ, বিশেষ করে যদি আপনি কমিউনিটি কেয়ার গ্রান্টের জন্য যোগ্য না হন।

একটি সাপ্তাহিক বাজেট করলে আপনি দেখতে পারবেন, প্রতি সপ্তাহে আপনি কত সঞ্চয় করতে পারবেন:

| আয় | পরিমাণ |
|---|---|
| বেতন/স্যালারী | |
| বেনিফিট্স | |
| অন্যান্য | |
| **মোট আয়** | |

| খরচ | দাম (£) |
|---|---|
| ভাড়া | |
| পানির চার্জ | |
| কাউন্সিল ট্যাক্স | |
| বিদ্যুত | |
| গ্যাস | |
| টেলিফোন ু ল্যান্ডলাইন | |
| টেলিফোন ু মোবাইল | |
| হোম কনটেন্ট্স ইনস্যুরেন্স | |
| গৃহস্থালী খরচ (খাবার, সংবাদপত্র, টয়লেট্রিজ ইত্যাদি) | |
| ভ্রমন খরচ | |
| কাপড় চোপড় | |
| TV লাইসেন্স | |
| অন্যান্য | |
| **মোট ব্যয়** | |

আপনার ‘‘মোট আয়’’ থেকে ‘‘মোট ব্যয়’’ বিয়োগ করলে যা থাকবে তাহ্লো আপনার সকল খরচ বাদে বেঁচে যাওয়া অর্থ।

# পরিশিষ্ট C:
# দরকারী যোগাযোগের তথ্য

## কাউন্সিলের ওয়েবসাইট

| | |
|---|---|
| বার্কিং ও ড্যাগেনহ্যাম | www.barking-dagenham.gov.uk |
| বার্ণেট | www.barnet.gov.uk |
| বেক্স্লী | www.bexley.gov.uk |
| ব্রেন্ট | www.brent.gov.uk |
| ব্রোমলী | www.bromley.gov.uk |
| ক্যামডেন | www.camden.gov.uk |
| সিটি অফ লন্ডন | www.cityoflondon.gov.uk |
| ক্রয়ডন | www.croydon.gov.uk |
| এলিং | www.ealing.gov.uk |
| এনফিল্ড | www.enfield.gov.uk |
| গ্রীনীচ | www.greenwich.gov.uk |
| হ্যাক্নী | www.hackney.gov.uk |
| হ্যামারস্মিথ ও ফুলহ্যাম | www.lbhf.gov.uk |
| হ্যারিঙ্গে | www.haringey.gov.uk |
| হ্যারো | www.harrow.gov.uk |
| হ্যাভারিং | www.havering.gov.uk |
| হিলিংডন | www.hillingdon.gov.uk |
| হন্সলো | www.hounslow.gov.uk |
| ইজলিংটন | www.islington.gov.uk |
| কেনসিংটন ও চেল্সী | www.rbkc.gov.uk |
| কিংসটন আপন থেম্স | www.kingston.gov.uk |
| ল্যামবেথ | www.lambeth.gov.uk |
| লুইশাম | www.lewisham.gov.uk |

| | |
|---|---|
| মের্টন | www.merton.gov.uk |
| নিউহ্যাম | www.newham.gov.uk |
| রেডব্রিজ | cms.redbridge.gov.uk |
| রিচমন্ড আপন থেম্স | www.richmond.gov.uk |
| সাটন | www.sutton.gov.uk |
| সাদার্ক | www.southwark.gov.uk |
| টাওয়ার হ্যামলেট্স | www.towerhamlets.gov.uk |
| ওয়ালথাম ফরেষ্ট | www.walthamforest.gov.uk |
| ওয়ান্ডস্ওয়ার্থ | www.wandsworth.gov.uk |
| ওয়েষ্টমিনিষ্টার | www.westminster.gov.uk |

## DIY (নিজে করুন)

* www.bbc.co.uk/homes/diy
* www.channel4.com/4homes/diy-self-build
* www.diyfixit.co.uk
* www.housetohome.co.uk
* www.lets-do-diy.com
* www.polycell.co.uk/guides/room_repairs.jsp

## ড্রাগ্স

* **ফ্রাংক (ড্রাগ অপব্যবহার বিষয়ক পরামর্শ ও সহায়তা, দিনের 24 ঘন্টা, সপ্তাহে সাতদিন)**
  0800 776 600 **বা** 0800 917 8765
  **(যারা কানে শোনার অসুবিধায় ভোগেন) /** www.talktofrank.com
* **লন্ডন ড্রাগ অ্যান্ড এলকোহল নেটওয়ার্ক (সকল লন্ডন বরোতে সহায়তা ও পরামর্শ সার্ভিস)**
  www.ldan.org.uk

## জরুরী যোগাযোগের নম্বর সমূহ

* **অ্যাম্বুলেন্স, ফায়ার এবং পুলিশ সার্ভিস**
  999 **বা** 112
* **ন্যাশনাল গ্রীড গ্যাস ইমার্জেন্সী**
  **ফ্রি-ফোন** 0800 111 999
  www.gas-guide.org.uk/emergencies.html

## ফার্ণিচার প্রজেক্ট সমূহ

* **ফার্ণিশ**
  020 8969 3332
  www.sbhg.co.uk
* **ফার্ণিচার এইড (এজেন্সীর রেফারেলের দরকার)**
  020 7793 7787
  www.furniture-aid.co.uk
* **হিলিংডন কমিউনিটি ফার্ণিচার প্রজেক্ট**
  01895 256655 **(আক্সব্রিজ শাখা)**
  020 8797 9505 **(হেইজ শাখা)**
  www.trinityhomelessprojects.org.uk
* **হোম স্টোর (এজেন্সীর রেফারেলের দরকার)**
  020 8519 6264
  www.quakersocialaction.com
* **হন্সলো ফার্ণিচার প্রজেক্ট (এজেন্সীর রেফারেলের দরকার)**
  020 8814 2225
  www.hounslowct.org.uk
* **রিস্টোর**
  020 8493 0900
  www.restorecommunityprojects.org

# স্বাস্থ্য এবং যৌন স্বাস্থ্য

* ব্রিটিশ প্রেগন্যান্সি অ্যাড্‌ভাইসরী
  www.bpas.org.uk
* ব্রুক অ্যাড্‌ভাইসরী সার্ভিস (জন্ম নিরোধক সম্পর্কে তথ্যের জন্য, গর্ভ পরীক্ষা করা, অপরিকল্পিত গর্ভ এবং যৌনতা বিষয়ে পরামর্শ। ফ্রি ও গোপনীয়।
  0800 802 123
  admin@brookcentres.org.uk / www.brook.org.uk
* ফ্যামিলি পানিং অ্যাসোসিয়েশন
  0845 310 1334
  www.fpa.org.uk
* ঘঐঝ ডাইরেক্ট
  08457 4647
  www.nhsdirect.nhs.uk
* প্যারেন্টলাইনপাস (অভিভাবকত্ব বিষয়ে 24 ঘন্টা ব্যাপী তথ্য ও সহায়তা)
  0808 800 222
  www.parentlineplus.org.uk
* রেইপ ক্রাইসিস
  info@rapecrisis.org.uk / www.rapecrisis.org.uk
* রিলেট (সম্পর্কগত সমস্যায় থাকা প্রাপ্ত বয়স্কদের জন্য কাউন্সেলিং সার্ভিস)
  0845 456 1310
  www.relate.org.uk
* ভিক্টিম সাপোর্ট (অপরাধে আক্রান্ত ও সাক্ষীদের জন্য জাতীয় চ্যারিটি)
  0845 303 0900
  www.victimsupport.org.uk
* উওমেন্স হেল্‌থ কনসার্ণ
  0845 123 2319
  www.womens-health-concern.org

# হাউজিং

* **ডাইরেক্টগভ**
  www.direct.gov.uk
* **রেন্ট ডিপোজিট স্কিম**
  www.privaterentedsector.org.uk
* **শেল্টার (ঘর-বাড়ীর চাহিদা সম্পন্ন লোকজনের জন্য পরামর্শ, তথ্য ও অ্যাডভোকেসী সার্ভিস)**
  www.shelter.org.uk

# LGBT

* **গ্যালোপ (বৃহত্তর লন্ডনে সমকামী ও লিঙ্গ পরিবর্তনকারীদের প্রতি ঘৃণা জনিত অপরাধের ব্যাপারে সহায়তা ও পরামর্শ)**
  020 7704 2040
  info@galop.org.uk / www.galop.org.uk
* **লন্ডন লেসবিয়ান ও গে সুইচবোর্ড**
  020 7837 7324
  admin@llgs.org.uk

# রি-সাইক্লিং

* www.dontdumpthat.org.uk
* www.freecycle.org

# অধিকার

* সিটিজেন এডভাইস্ ব্যুরো
  www.adviceguide.org.uk
* মহিলাদের অধিকার (মহিলাদের জন্য বিনামূল্যে গোপনীয় আইনগত পরামর্শ)
  www.rightsofwomen.org.uk

# নিরাপদ ও নিরাপত্তা

* www.crimereduction.homeoffice.gov.uk

# সরবরাহকারী, গ্যাস, বিদ্যুত, ইন্সুরেন্স ইত্যাদি

| | |
|---|---|
| * ব্রিটিশ গ্যাস | www.britishgas.co.uk |
| * কনফিউজ্ড | www.confused.com |
| * EDF এনার্জি নেটওয়ার্ক | 0800 096 9000 (বিদ্যুত)<br>www.edfenergy.com |
| * E.ON এনার্জি | www.eon-uk.com |
| * এনার্জি চয়েস্ | www.energychoices.co.uk |
| * গো কম্পেয়ার | www.gocompare.com |
| * হোম এডভাইসরী সার্ভিস | www.HomeAdvisoryService.com |
| * মানি সুপার মার্কেট | www.moneysupermarket.com |
| * এন পাওয়ার | www.npower.com |
| * রয়াল মেইল | www.royalmail.co.uk |
| * সিম্পলী সুইচ | www.SimplySwitch.com |
| * থেম্স ওয়াটার | www.thameswater.co.uk |
| * ট্রান্সকো মিটার হেল্প লাইন | 0870 608 1524 (এধং) |
| * TV লাইসেন্সিং | www.tvlicensing.co.uk |
| * U সুইচ | www.uSwitch.com |
| * UK পাওয়ার | www.ukpower.co.uk |
| * টহৎধাবষরঃ | www.unravelit.com |

# ডড়ৎশ্ সড়হবু

- **ঔড়নপবহঃৎব চষঁং**
  0800 055 6688
- **ঈড়হংঁসবৎ পৎবফরঃ পড়ঁহংবষরহম ংবৎারপব**
  0800 138 1111
  www.cccs.co.uk
- **উবনঃ ঐবষঢ় টক**
  0800 078 9056
  www.debt-help-uk.org.uk
- **ঘধঃরড়হধষ উবনঃষরহব**
  0808-808-4000

# পরিশিষ্ট D:
# ইভ্‌স সম্পর্কে

সহিংসতা বা নির্যাতনের শিকার মহিলাদের জন্য ইভ্‌স উচ্চ মানের হাউজিং ও সহায়তা প্রদান করে। মহিলাদের বিরুদ্ধে সংগঠিত সকল রকমের সহিংসতা প্রতিরোধ করতেও আমরা গবেষণা, অ্যাডভোকেসী এবং তৎপরতা পরিচালনা করি।

আমরা এমন একটি সমাজের জন্য কাজ করছি, যেখানে সকল মহিলা ও মেয়েরা সহিংসতা, নির্যাতন, লক্ষ্যবস্তু হওয়া ও বৈষম্য হওয়া থেকে মুক্ত থাকবেন।

## আমাদের প্রজেক্ট সমূহ

### আমিনা স্কিম

যে সকল মহিলা জীবনের কোন পর্যায়ে ধর্ষণ, যৌন নির্যাতন বা নির্যাতিত হয়েছেন তাদের জন্য এটি একটি সহায়তামূলক সেবা ও বন্ধুত্বপূর্ণ স্কিম, যা পরিচালনা করা হয় সেই সকল মহিলা দ্বারা যারা অতীতে একই রকম অভিজ্ঞতার সম্মুখীন হয়েছিলেন।

### লিলিথ প্রজেক্ট

এটি একটি গবেষণা ও উন্নয়নমূলক বিভাগ যাদের লক্ষ্য হলো মহিলাদের বিরুদ্ধে সকল রকমের নির্যাতন প্রতিরোধ করা, এবং মহিলাদের বিষয়ে পরবর্তী পর্যায়ের সহযোগিতা প্রদান করা।

### পপি প্রজেক্ট

জোর করে পতিতাবৃত্তিতে ও ঘরে বন্দি করে রাখা মহিলাদের জন্য যুক্তরাজ্যব্যাপী বাসস্থান এবং আউটরিচ সহায়তা।

## স্কারলেট সেন্টার

একটি নিরাপদ ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ যেখানে মহিলারা বিভিন্ন বিষয়ের জন্য পরামর্শ ও সহায়তা পেতে পারেন, এর মধ্যে আছে পুনরায় সেটেলমেন্ট, পতিতাবৃত্তি থেকে বের হয়ে আসা এবং কাউন্সেলিং। আপনি এখানে আসতে পারেন এবং গৃহস্থালী সহিংসতা, ধর্ষণ এবং যৌন স্বাস্থ্য, ড্রাগ্স ও অ্যালকোহল, বেনিফিট্স এবং হাউজিং বিষয়ে আমাদের কোন একজন পরামর্শকারীর সাথে কথা বলতে পারবেন অথবা শুধুমাত্র কম্পিউটার, প্রিন্টার, বই পুস্তক ও ফোন ব্যবহার করার জন্য যে কোন সময় মঙ্গলবার থেকে শনিবার সকাল 10 টা থেকে দুপুর 1 টা এবং দুপুর 2 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত।

স্কারলেট সেন্টার ওয়ার্কশপস্ ও ইভেন্ট-এর আয়োজন করে থাকে, যেখানে আপনি নতুন দক্ষতা শিখতে পারেন যেমন আত্ম-বিশ্বাসের সাথে কথা-বার্তা বলা, ফার্স্ট এইড, সিভি লেখা, হতাশা প্রতিরোধ করা এবং ড্রাগ্স ও মানসিক স্বাস্থ্য সমস্যার সাথে সম্পর্ক।

## সেরাফিনা প্রজেক্ট

লন্ডনে গৃহস্থালী সহিংসতার জন্য পলায়ন করেন এমন মহিলা ও শিশুদের জন্য বাসস্থান ও সহায়তা।

আরও তথ্য ও ওয়ার্কশপের ও ইভেন্ট বা অনুষ্ঠানের হাল-নাগাদ সময়সূচির জন্য দয়া করে ইভ্স এর ওয়েবসাইট পরিদর্শন করুন। www.eaves4women.co.uk.

অন্যথায়, স্কারলেট সেন্টারের সাথে যোগাযোগ করুন 020 7840 7142 বা advice_centre@eaveshousing.co.uk

# নোট্‌স

**Artypeeps কর্তৃক তৈরী**

**ডিজাইন:** Nicky Barneby
**ছবি গবেষণা:** Dennis Rudd
**প্রোডাকশন:** Kristen Harrison

www.artypeeps.co.uk
info@artypeeps.co.uk
**আমরা বই তৈরী করি**

eaves
putting women first

Eaves Housing for Women
Unit 2.03
Canterbury Court
Kennington Business Park
1-3 Brixton Road
London SW9 6DE

www.eaves4women.co.uk

Charity number: 275048
Company number: 1322750

চ্যারিটি নম্বর: 275048
কোম্পানী নম্বর: 1322750